রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**এনডিডি ও অটিজম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/ ০৯ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৪১.০০.০০০০.০৩৪.২২.০০১.১৭-২২৫**—প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও মর্যাদা সুরক্ষায় স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত প্রতিবন্ধী (Neuro-Developmental Disabilities) শিশু অর্থাৎ অটিজম, সেরিব্রাল পালসি, ডাউন্স সিনড্রোম ও বুদ্ধি প্রতিবন্ধী শিশুসহ সকল ধরনের প্রতিবন্ধী শিশুদের জীবন দক্ষতা উন্নয়নের পাশাপাশি নমনীয়ভাবে মূলধারার শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি, বৃত্তিমূলক প্রশিক্ষণসহ স্বনির্ভর ও স্বাধীন জীবনযাপনের উপযোগী করে গড়ে তোলার জন্য এবং সারাদেশে অনুমোদনহীনভাবে যত্রতত্র প্রতিবন্ধী বিদ্যালয় স্থাপনে নিরুৎসাহ প্রদান ও মান নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার কর্তৃক “প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯” অনুমোদন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শবনম মুস্তারী রিক্তা**
উপসচিব।

## প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯

**পটভূমি :**

বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৯(১) ও (৩), ২৭, ২৮(১), (২) ও (৪) এবং ২৯(১) অনুযায়ী সরকার দেশের অবহেলিত, পশ্চাৎপদ, দরিদ্র, এতিম, প্রতিবন্ধী এবং অনগ্রসর মানুষের কল্যাণ ও উন্নয়ন নিশ্চিতকরণার্থে এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী সুদৃঢ়করণের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে ব্যাপক ও বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করছে। অনগ্রসর অংশ হিসেবে সরকার স্নায়ুবিকাশ-জনিত সমস্যাযুক্ত প্রতিবন্ধী শিশু/ব্যক্তি অর্থাৎ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) ব্যক্তিসহ অন্যান্য সকল প্রতিবন্ধী ব্যক্তির জীবনমান উন্নয়ন এবং সমাজের সকল স্তরে তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করছে। সংবিধানের ১৫ অনুচ্ছেদে সকল নাগরিকের শিক্ষালাভের অধিকারের কথা বলা হয়েছে। সকল প্রতিবন্ধী ব্যক্তির শিক্ষার সমসুযোগ ও অধিকার প্রদান এবং পর্যায়ক্রমে এসব শিক্ষার্থীদের মূলধারার শিক্ষা ব্যবস্থার সঙ্গে সম্পৃক্তকরণে সরকার অঙ্গীকারবদ্ধ। সকল প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও মর্যাদা সুরক্ষা এবং সার্বিক কল্যাণ নিশ্চিতকরণের নিমিত্ত সরকার ইতোমধ্যে 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' এবং এনডিডি ব্যক্তির জন্য 'নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩' প্রণয়ন করেছে এবং এতদসংশ্লিষ্ট দু'টি বিধিমালাও প্রণয়ন করেছে। এ আইনে সকল প্রতিবন্ধী শিশু/ব্যক্তির দৈনন্দিন কাজের দক্ষতা অর্জন যেমন-যোগাযোগ, নিজের যত্ন নেওয়া, সামাজিক দক্ষতা, নিজেকে পরিচালনা করা, স্বাস্থ্য ও নিরাপত্তা, শিক্ষার সুযোগ প্রাপ্তি ইত্যাদি বিষয় বর্ণিত হয়েছে।

প্রতিবন্ধী ব্যক্তির শিক্ষালাভের সুযোগ সৃষ্টির লক্ষ্যে দেশের বিভিন্ন এলাকায় সরকারি ও বেসরকারি উদ্যোগে সকল ধরনের প্রতিবন্ধী শিশুর জন্য বিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করেছে। স্নায়ুবিকাশজনিত সমস্যাযুক্ত প্রতিবন্ধী শিশু/ব্যক্তি অর্থাৎ অটিজম, সেরিব্রাল পালসি, ডাউন সিনড্রোম ও বুদ্ধি প্রতিবন্ধী শিশু ও ব্যক্তিসহ সকল ধরনের প্রতিবন্ধী শিশুদের মূলধারার বিদ্যালয়ে যাওয়ার উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন জেলায় এনডিডি বিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়টি সরকার বিবেচনা করছে। প্রাথমিকভাবে সরকার প্রতিটি জেলায় কমপক্ষে ১টি করে ৬৪টি জেলায় ৬৪টি এনডিডি বিদ্যালয় স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। পাশাপাশি শ্রবণ, বাক, দৃষ্টি, শারীরিক, মানসিক, শ্রবণ-দৃষ্টি, বহুমাত্রিক এবং অন্যান্য প্রতিবন্ধী সমন্বিত শিক্ষা কার্যক্রম সরকারি ও বেসরকারি উদ্যোগে পরিচালনা করছে। এনডিডি শিশুর জীবন দক্ষতা উন্নয়নের পাশাপাশি নমনীয়ভাবে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণসহ স্বনির্ভর ও স্বাধীন জীবনযাপনের উপযোগী করে গড়ে তোলা এ উদ্যোগের প্রধান লক্ষ্য। প্রতিবন্ধী শিশুর জন্য 'প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০০৯' প্রণীত হলেও এনডিডি শিক্ষা কার্যক্রমসমূহ (বিদ্যালয় /প্রতিষ্ঠান/ সংস্থা পরিচালনা, শিক্ষাক্রম, পাঠ্যসূচি, শিক্ষক প্রশিক্ষণ প্রভৃতি) পরিচালনার জন্য অদ্যাবধি কোন নীতিমালা না থাকায় এনডিডি শিক্ষা কার্যক্রমসহ সমন্বিত নীতিমালা প্রণয়ন জরুরি হয়ে পড়েছে। এ লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সরকারি ও বেসরকারি সকল প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম চালু রয়েছে এরূপ মূলধারার

বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাসমূহের জন্য প্রয়োজনীয় অবকাঠামো, সুষ্ঠু পরিচালনা, জনবল ও বেতন কাঠামো, উপযোগী শিক্ষাক্রম প্রণয়ন, অনুদান প্রদান ও সুষ্ঠুভাবে বণ্টনের বিষয়ে সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করলেন:

**প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯**

**২. নীতিমালার প্রয়োগ :** বর্তমানে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে থোক বরাদ্দ হতে মঞ্জুরীকৃত ও স্বীকৃত শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী অন্যান্য বিশেষ বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান/সংস্থাসমূহ যারা সরকার কর্তৃক প্রদত্ত অনুদান প্রাপ্তির জন্য আবেদন করেছেন বা করবেন তাদের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে। উল্লেখ্য যে, অনুদানপ্রাপ্ত সংশ্লিষ্ট বিদ্যালয়/প্রতিষ্ঠান/ সংস্থাসমূহের শিক্ষাক্রম, পাঠ্যসূচি, মূল্যায়ন, পরিদর্শন ও তদারকি এ নীতিমালা অনুযায়ী হতে হবে—

(১) সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সপরিচালিত এরূপ বিদ্যালয়সমূহের ক্ষেত্রে প্রশাসনিক ও আর্থিক বিষয়াদি ব্যতীত এ নীতিমালায় বর্ণিত অন্যান্য শর্তসমূহ/মানদন্ড প্রযোজ্য হবে;

(২) প্রতিবন্ধিতা সম্পর্কিত বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার ক্ষেত্রে সরকারের তথা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

(৩) নীতিমালা জারি হওয়ার পর সরকার কর্তৃক স্বীকৃতি/অনুদানপ্রাপ্ত হোক বা না হোক সকল প্রতিবন্ধিতা সম্পর্কিত বিদ্যালয়কে নীতিমালায় উল্লিখিত শর্তাদি প্রতিপালনপূর্বক স্বীকৃতির জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে;

(৪) নীতিমালা জারির ০৩(তিন) বছরের মধ্যে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন (জেপিইউএফ)/নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (এনডিডি সুরক্ষা ট্রাস্ট) এ নীতিমালার আওতাভুক্ত বিদ্যালয়সমূহের কার্যক্রম পরিদর্শন, মূল্যায়ন ও পরিবীক্ষণের জন্য মনিটরিং এন্ড ইভালুয়েশন সেল ফর স্পেশাল স্কুল (এমইসিএসএস) গঠন করবে;

(৫) এ নীতিমালা কার্যকর হওয়ার দিন থেকে বর্তমানে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে থোক বরাদ্দ হতে মঞ্জুরীর আওতায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত প্রতিটি প্রতিবন্ধিতা সম্পর্কিত বিদ্যালয় স্বতন্ত্র বিদ্যালয় হিসেবে বিবেচিত হবে এবং বিদ্যালয়ের সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি ঐ বিদ্যালয়ের সম্পত্তি বলে বিবেচিত হবে। এ জাতীয় বিদ্যালয়সমূহের নিয়ন্ত্রণের জন্য প্রতিষ্ঠিত ন্যাশনাল ইনস্টিটিউট ফর দ্যা ইনটেলেকচুয়ালি ডিসএ্যাবল্ড (এনআইআইডি) রূপান্তরিত হয়ে মনিটরিং এন্ড ইভালুয়েশন সেল ফর স্পেশাল স্কুল (এমইসিএসএস) এ পরিণত হবে, যা জেপিইউএফ/ এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হবে;

মনিটরিং এন্ড ইভালুয়েশন সেল ফর স্পেশাল স্কুল (এমইসিএসএস) গঠিত না হওয়া পর্যন্ত এনআইআইডি, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত প্রতিবন্ধিতা সম্পর্কিত বিদ্যালয়/ প্রতিষ্ঠানসমূহ এবং সরকার কর্তৃক স্বীকৃত অন্যান্য প্রতিবন্ধিতা সম্পর্কিত বিদ্যালয়সমূহের ক্ষেত্রেও এ নীতিমালা প্রযোজ্য হবে;

(৬) সমাজকল্যাণ মন্ত্রণালয় বা সরকার কর্তৃক অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিদ্যালয়সমূহ প্রযোজ্য ক্ষেত্রে নিকটস্থ প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র (Integrated Disability Service Center) হতে থেরাপিসহ প্রয়োজনীয় সেবা গ্রহণ করবে।

৩. **সংজ্ঞা** :—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে এ নীতিমালায়—

(১) 'নিয়োগকারী কর্তৃপক্ষ' অর্থ সমাজকল্যাণ মন্ত্রণালয় বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্তৃপক্ষ/সংস্থা;

(২) 'প্রতিবন্ধী ব্যক্তি' অর্থ—

(ক) 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' এর ধারা (৫), (৬), (৭), (৮), (১০) এবং (১১) এ বর্ণিত যে কোন ধরনের প্রতিবন্ধিতাসম্পন্ন কোন শিশু বা ব্যক্তি;

(খ) 'নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩' এর ধারা (৪), (৫), (৬) ও (৭) এবং 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' এর ধারা ১৪ ও ১৫ এ বর্ণিত যে কোন ধরনের প্রতিবন্ধিতাসম্পন্ন কোন শিশু বা ব্যক্তি;

(৩) পেশাজীবী বলতে এ সরকার কর্তৃক স্বীকৃত পেশাজীবী যেমন: থেরাপিস্ট, কাউন্সেলর, মনোবিজ্ঞানী এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসক সংশ্লিষ্টদের বুঝাবে;

(৪) 'ফাউন্ডেশন' অর্থ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন;

(৫) 'এনডিডি সুরক্ষা ট্রাস্ট' অর্থ ২০১৩ সানের ৫২ নং আইনের মাধ্যমে গঠিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট;

(৬) সমন্বিত শিক্ষা অর্থ 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' এর ২(২৫) ধারা অনুযায়ী মূলধারার বিদ্যালয়ে প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী প্রতিবন্ধী শিক্ষার্থীর উপযোগী বিশেষ ব্যবস্থাধীন শিক্ষা ব্যবস্থা;

(৭) (ক) 'বিশেষ শিক্ষা' অর্থ 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' এর ধারা ২(১৯) এবং 'নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩'এর ধারা (৪), (৫), (৬) ও (৭) এ বর্ণিত যে কোন ধরনের প্রতিবন্ধিতাসম্পন্ন কোন শিশু বা ব্যক্তির উল্লিখিত প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী বিশেষ ব্যবস্থাপনায় পরিচালিত কোন আবাসিক বা অনাবাসিক শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত শিক্ষা কার্যক্রম, যা মূলধারার শিক্ষার সাথে সাদৃশ্যপূর্ণ এবং যেখানে বিশেষ যত্ন ও পরিচর্যার পাশাপাশি প্রতিকারমূলক ব্যবস্থা বিদ্যমান;

(খ) 'এনডিডি বিশেষ শিক্ষা প্রতিষ্ঠান' অর্থ এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন সকল ধরনের প্রতিবন্ধী শিশু ও ব্যক্তির জন্য এককভাবে প্রতিষ্ঠিত অথবা সমন্বিত শিক্ষা কার্যক্রম চলমান এরূপ মূলধারার বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা, যার কার্যক্রমের মধ্যে এনডিডি সংশ্লিষ্ট শিক্ষার্থীদের জন্য প্রাক-শৈশবকালিন বিকাশমূলক কার্যক্রম (Early Childhood Development-ECD), প্রাক-প্রাথমিক, সামাজিকীকরণ, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষণ ও খেলাধূলাসহ বয়স্ক শিক্ষার্থীদের জন্য কারিগরি শিক্ষা, বিনোদন ও প্রযোজ্য ক্ষেত্রে পুনর্বাসন এর ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে;

(গ) 'প্রতিবন্ধী বিশেষ শিক্ষা প্রতিষ্ঠান' অর্থ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী শিশু ব্যতীত অন্যান্য সকল প্রতিবন্ধী (যেমন-শারীরিক, শ্রবণ ও বাক প্রতিবন্ধী, দৃষ্টি প্রতিবন্ধী ইত্যাদি সকল ধরনের) শিশু ও ব্যক্তির জন্য এককভাবে প্রতিষ্ঠিত অথবা সমন্বিত শিক্ষা কার্যক্রম চলমান এরূপ মূলধারার বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা যার কার্যক্রমের মধ্যে প্রাথমিক, মাধ্যমিক ও কারিগরি শিক্ষাসহ বৃত্তিমূলক প্রশিক্ষণ, খেলাধূলা ও বিনোদন এবং প্রযোজ্য ক্ষেত্রে আবাসন এর ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে;

(৮) ‘বেতন স্কেল’ অর্থ সরকার কর্তৃক সময়ে সময়ে অনুমোদিত বেতন স্কেল;

(৯) স্বীকৃতি ও বেতন-ভাতা প্রদানের অনুমোদনকারী কমিটি: স্বীকৃতি ও বেতন-ভাতা প্রাপ্তির আবেদনপত্র/ বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদনসহ প্রাপ্ত সকল তথ্য যাচাই-বাছাইপূর্বক সুপারিশ প্রদানের জন্য অনুচ্ছেদ ২১ এ বর্ণিত কমিটিকে বুঝাবে;

(১০) ‘ব্যবস্থাপনা কমিটি’ অর্থ এ নীতিমালার অনুচ্ছেদ ১২ অনুযায়ী গঠিত ব্যবস্থাপনা কমিটি;

(১১) ‘ব্যবস্থাপনা পরিচালক’ অর্থ জেপিইউএফ এর ব্যবস্থাপনা পরিচালক/এনডিডি সুরক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক;

(১২) ‘নিবন্ধন’ অর্থ সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ‘স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি ১৯৬২’এর আওতায় নিবন্ধন;

(১৩) ‘স্বীকৃতি’ অর্থ সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রতিবন্ধী সংশ্লিষ্ট বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাকে প্রদত্ত স্বীকৃতি;

(১৪) ‘মহাপরিচালক’ অর্থ সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক;

(১৫) বেতন-ভাতা প্রদানকারী কর্তৃপক্ষ অর্থ এ নীতিমালার আওতায় স্বীকৃত এবং সরকারি এমপিওভুক্ত প্রতিবন্ধী সংশ্লিষ্ট বিদ্যালয়/ প্রতিষ্ঠান/সংস্থার বেতন-ভাতা প্রদানকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

**৪. নিয়োগ, যোগ্যতা ও জনবল কাঠামো:**

(১) এ নীতিমালার আওতায় স্বীকৃতি প্রাপ্তির জন্য প্রত্যেক বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাসমূহের সকল পর্যায়ে কর্মরত শিক্ষক, সংশ্লিষ্ট পেশাজীবী থেরাপিস্ট, কাউন্সেলর, মনোবিজ্ঞানী এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসকসহ কর্মকর্তা-কর্মচারীকে অবশ্যই নীতিমালায় উল্লিখিত নির্ধারিত জনবল কাঠামো, যোগ্যতা এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ বিধি/প্রবিধানমালা ও পদ্ধতি মোতাবেক নিয়োগ প্রাপ্ত হতে হবে (তপশিল-ক,খ,গ ও ঘ)।

(২) ছাত্র/ছাত্রীর সংখ্যা: **(ক)** স্বীকৃতি প্রাপ্তির জন্য এবং বেতন-ভাতার জন্য আবেদনকারী প্রত্যেক স্বীকৃতিপ্রাপ্ত প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থায় কমপক্ষে ১০০ জন প্রতিবন্ধী শিক্ষার্থী (দৃষ্টি প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট বিদ্যালয়ের ক্ষেত্রে কমপক্ষে ৭৫ জন) থাকতে হবে।

**(খ)** স্বীকৃতি প্রাপ্তির জন্য এবং বেতন-ভাতার জন্য আবেদনকারী প্রত্যেক স্বীকৃতিপ্রাপ্ত এনডিডি বিদ্যালয়/ প্রতিষ্ঠান/সংস্থায় কমপক্ষে ৭৫ জন এনডিডি সংশ্লিষ্ট শিক্ষার্থী থাকতে হবে।

তবে, কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হাওর-বাঁওড়, চরাঞ্চল, পশ্চাৎপদ এবং দুর্গম এলাকা ও পার্বত্য জেলাসমূহের জন্য বিদ্যালয়ের ন্যূনতম শিক্ষার্থী সংখ্যা সরকারের অনুমোদনক্রমে শিথিলযোগ্য।

(৩) শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত:

(অ) অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:৫।

(আ) সেরিব্রাল পালসি, বুদ্ধি প্রতিবন্ধী এবং ডাউন সিনড্রোম বৈশিষ্ট্যসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:১০।

(ই) প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত ১:১৫।

(ঈ) দৃষ্টি প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট বিদ্যালয়ের ক্ষেত্রে এ অনুপাত ১:১২।

(৪) পেশাজীবী-শিক্ষার্থীর অনুপাত: প্রতিটি একক বিদ্যালয়ের জন্য অনুপাত ১:২৫।

(৫) শিক্ষা সহায়ক (আয়া) শিক্ষার্থীর অনুপাত:

(অ) এনডিডি ব্যতীত প্রতিবন্ধী বিদ্যালয়ের জন্য শ্রেণিকক্ষে শিক্ষা সহায়ক (আয়া) শিক্ষার্থীর অনুপাত ১:১৫।

(আ) অটিজম, সেরিব্রাল পালসি, বুদ্ধি প্রতিবন্ধী ও ডাউন সিনড্রোম বৈশিষ্ট্যসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য বিদ্যালয়ের শিক্ষা সহায়ক (আয়া) শিক্ষার্থীর অনুপাত ১:১০।

(৬) গাড়ি/ভ্যান চালক: ১জন (গাড়ির ক্ষেত্রে অনাবাসি প্রতি ৫০জন ছাত্র-ছাত্রীর জন্য) অথবা ১জন (ভ্যান এর ক্ষেত্রে অনাবাসি প্রতি ২৫ জন ছাত্র-ছাত্রীর জন্য)।

(৭) নিরাপত্তা প্রহরী: ০২ জন।

৫. **<u>শিক্ষক, পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত বিধানসমূহ প্রযোজ্য হবে :</u>**

(১) 'প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯' মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষ বিদ্যালয়/প্রতিষ্ঠানের শিক্ষক, পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ প্রদান করবে;

(২) সমাজসেবা অধিদফতরের আওতাধীন স্বপরিচালিত জাতীয় বেতন স্কেল প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীগণ যথানিয়মে সরকারের বেতন-ভাতা প্রাপ্য হবেন;

(৩) এমইসিএসএস গঠিত না হওয়া পর্যন্ত এনআইআইডি এর বিদ্যমান জনবল বহাল থাকবে। তপশিল-ক ও তপশিল-খ এ উল্লিখিত জনবল কাঠামো ফাউন্ডেশন/এনডিডি সুরক্ষা ট্রাস্ট আওতায় গঠিতব্য এমইসিএসএস এর জন্য প্রযোজ্য হবে।

৬. **<u>বেতন</u>** <u>ভাতা</u> **<u>ও অন্যান্য</u> :**

(১) বিশেষ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের কর্মদক্ষতা (Performance) এর ভিত্তিতে (সরকার কর্তৃক নির্ধারিত মূল্যায়ন অনুযায়ী) বেতন-ভাতাদি প্রদান করা হবে। স্বীকৃতিপ্রাপ্ত ও এমপিওভুক্ত বিদ্যালয়সমূহের শিক্ষক-কর্মকর্তা/কর্মচারীবৃন্দ 'তপশিল গ ও তপশিল ঘ' মোতাবেক বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। এছাড়াও, সরকার তথা অর্থ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত/অনুমোদিত বেতনকাঠামো প্রযোজ্য হবে;

(২) সরকারি বেতন-ভাতা প্রাপ্তির জন্য নির্ধারিত ফরম (ফরম-৩ ও ৪) এ আবেদন করতে হবে;

(৩) সময় সময় সরকার প্রদত্ত অন্য কোন নির্দেশনা থাকলে স্বীকৃতিপ্রাপ্ত ও এমপিওভুক্ত প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাসমূহকে তা পালন করতে হবে;

(৪) বেসরকারি প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক, পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীগণ বেতন ব্যতীত বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা (বোনাস), অবসরকালীন পেনশন, গ্রাচুইটি, বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) এবং কল্যাণসহ অন্যান্য ভাতাদি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনামতে প্রাপ্য হবেন;

(৫) পদসংখ্যা, শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং বেতন স্কেল বিষয়ে কোন প্রশ্ন উত্থাপিত হলে সরকারের যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;

(৬) এ নীতিমালায় বর্ণিত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গঠিত নিয়োগ কমিটির দ্বারা নিয়োগ প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের তারিখ হতে শিক্ষক-কর্মচারীদের জ্যেষ্ঠতা গণনা করা হবে। ইতোপূর্বে নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক-কর্মচারীর ক্ষেত্রে এই নিয়োগ বিধি অনুসরণ করা হবে না। এছাড়া শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধি অনুসরণপূর্বক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কোটা সংরক্ষণ পূর্বক নিয়োগ প্রদান করতে হবে। প্রতিবন্ধী কোটায় কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদটি/পদসমূহ শূন্য থাকবে। তবে পরবর্তীতে উপযুক্ত প্রতিবন্ধী প্রার্থী দ্বারা পূরণ করতে হবে।

**৭. <u>শিক্ষাক্রম ও সহপাঠ কার্যক্রম</u> :** শিক্ষাদানের প্রধান শর্তই হচ্ছে উপযোগী পরিবেশ, অবকাঠামো, শিক্ষাক্রম, পাঠ্যসূচি, উপকরণ, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক প্রভৃতি, যা প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থী নির্বিশেষে সকল শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠিত বিদ্যালয়/ প্রতিষ্ঠান/সংস্থার জন্য সমভাবে প্রযোজ্য। সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য এরূপ শিক্ষা মন্ত্রণালয়ের 'মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ', 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ' এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট নির্দেশনা প্রতিপালনসহ সরকার কর্তৃক অনুমোদিত সকল বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাকে নিম্নরূপ শর্তাবলি/সুবিধাদি নিশ্চিত করতে হবে—

(১) সকল প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য Individual Education Plan (IEP) তৈরি করতে হবে; সকল প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য IEP প্রাথমিক মূল্যায়ন (Primary Assessment), ষান্মাসিক এবং বাৎসরিক শিক্ষা মূল্যায়ন প্রতিবেদন (Annual Education Report) অবশ্যই থাকতে হবে, যা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট অভিভাবক বরাবর ষান্মাসিক এবং বাৎসরিক ভিত্তিতে দাখিল করতে হবে;

(২) প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা ও প্রশিক্ষণের জন্য বিদ্যালয়, শ্রেণি বা প্রশিক্ষণ কক্ষ হবে প্রবেশগম্য এবং সুগঠিত, আসবাবপত্র হবে সুবিন্যস্ত। শিক্ষার্থীর চাহিদা ও প্রয়োজনানুযায়ী অডিওলজিক্যাল পরীক্ষা, হিয়ারিং এইড এর ব্যবস্থাসহ ফিজিওথেরাপি, স্পীচ থেরাপি, অকুপেশনাল থেরাপি ও থেরাপি সহায়ক উপকরণ এবং কাউন্সেলিং ও শরীরচর্চার ব্যবস্থা থাকবে;

(৩) প্রতিটি বিদ্যালয়/প্রশিক্ষণ কেন্দ্রের বাথরুম বা টয়লেট হতে হবে প্রতিবন্ধীবান্ধব এবং পরিস্কার-পরিচ্ছন্ন;

(৪) শিক্ষার্থীর নিজস্ব যত্ন ও পরিচর্যা, প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা ও প্রশিক্ষণের সাথে সাথে প্রযোজ্য ক্ষেত্রে মূলধারার বিদ্যালয়ে মাধ্যমিক শিক্ষা, কারিগরি শিক্ষা ও মাদ্রাসা শিক্ষা এবং প্রশিক্ষণের মাধ্যমে ভবিষ্যত কর্মপরিকল্পনা বা বৃত্তি নির্বাচনের জন্য উপযোগী ও চাহিদাভিত্তিক প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(৫) শিক্ষক ও প্রশিক্ষক পাঠদান করবেন সহজভাবে, যথাযথ পাঠ পরিকল্পনার মাধ্যমে বাস্তব ও বিজ্ঞান ভিত্তিক আধুনিক জিনিসপত্র সহযোগে যেমন: প্রযোজ্যতা অনুযায়ী ব্রেইল পদ্ধতির পাঠদান উপকরণ, এবাকাস ও ট্রেইলর ফ্রেম, টকিং বুক, হুইল চেয়ার, লো ভিশন গ্লাস, পেন্সিল গ্রীপস, বুক হোল্ডার, রিডিং স্ট্যান্ড, সাইন ল্যাংগুয়েজ উপকরণ, সাদা ছড়ি, হিয়ারিং এইড, ক্র্যাচ, গ্লোব,ম্যাপ, ফ্লাশ কার্ড, টকিং ক্যালকুলেটর, স্ক্রীন রিডার্সসহ তথ্য প্রযুক্তি সহায়ক শিক্ষা উপকরণ, ছবির বই, পুতি, ডিসপ্লে বোর্ড, পাপেট, কাঠি, ব্লক, পাজল গেম, ফ্লোরম্যাট ইত্যাদি এবং অন্যান্য প্রয়োজনীয় উপযোগী শিক্ষা উপকরণ ইত্যাদি। এছাড়াও কম্পিউটার প্রশিক্ষণসহ বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার চাহিদা মোতাবেক (ফটোকপি মেশিন ও অফিস সহকারী/ পরিস্কার পরিচ্ছন্নতা কর্মী প্রভৃতি) শিক্ষার্থীদের প্রশিক্ষণের সুযোগ থাকতে হবে এবং সম্ভাবনাময় শিক্ষার্থীদের সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে;

(৬) প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা বা সমন্বিত শিক্ষা কার্যক্রম চালু রয়েছে এরূপ মূলধারার বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থায় বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রতিবন্ধিতার ধরন, সক্ষমতা ও বয়স অনুযায়ী প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক ও প্রযোজ্য ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক শিক্ষা পর্যন্ত লেখাপড়ার ব্যবস্থা থাকবে। প্রতিবন্ধী বিদ্যালয়ের ক্ষেত্রে ১৫ বছরের অধিক বয়সী শিক্ষার্থীদের বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষার পাশাপাশি পুনর্বাসনে সহায়তা করতে হবে। কারিগরি শিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র বা সরকার অনুমোদিত অন্য কোন প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় কারিগরি শিক্ষা/প্রশিক্ষণের আয়োজন করতে হবে। গুরুতর শারিরীক প্রতিবন্ধী শিশুর ক্ষেত্রে পুনর্বাসনের সুযোগ থাকতে হবে;

(৭) বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষা, থেরাপি এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ, প্রাথমিক মূল্যায়ন, IEPসহ কর্মসংস্থান বিষয়ে পিতা-মাতা, যত্নকারী বা পরিবারের সদস্যদের অংশগ্রহণ থাকতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সমাজসেবা অধিদফতর/জেপিইউএফ/এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর সহায়তায় অভিভাবকগণের জন্য বিশেষ দক্ষতা প্রশিক্ষণ (Caregiver Skill Training) এর আয়োজন করতে হবে;

(৮) জাতীয় পর্যায়ে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধী বিষয়ক পাঠক্রম এবং পাঠ্যক্রম প্রণীত না হওয়া পর্যন্ত জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র অথবা সমাজসেবা অধিদফতর/জেপিইউএফ/এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর পরিচালনা পরিষদ কর্তৃক অনুমোদিত পাঠক্রম ও পাঠ্যক্রম সমভাবে প্রযোজ্য হবে। বিশেষ পাঠ্যক্রমে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবেঃ

(ক) প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষার বিষয়, উপযোগী পাঠ্যসূচি, বই, শিক্ষা উপকরণ, সহায়ক উপকরণসহ (Assistive Device) চাহিদাভিত্তিক কারিগরি প্রশিক্ষণ প্রভৃতি;

(খ) প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাসমূহ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম অনুসরণ করবে। তবে নিবিড় পরিচর্যা এবং প্রাক-প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে জাতীয় বিশেষ

শিক্ষা কেন্দ্র অথবা সমাজসেবা অধিদফতর/জেপিইউএফ/এনডিডি সুরক্ষা ট্রাস্টের পরিচালনা পর্ষদ/ট্রাস্টি বোর্ড বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পাঠ্যক্রম প্রযোজ্য হবে;

(৯) প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষাদানের জন্য বাস্তবভিত্তিক শিখন পরিকল্পনা প্রণয়ন করতে হবে। উক্ত পরিকল্পনায় যোগাযোগ (Communication), চলাচল (Mobility), সামাজিকতা, ইন্দ্রিয়, সৃজনশীল ও দৈনন্দিন প্রয়োজনীয় কাজের দক্ষতা (Activities of Daily Living-ADL) অর্জনের প্রশিক্ষণের বিষয় অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে। এছাড়াও বাস্তব অভিজ্ঞতা অর্জনের জন্য বিভিন্ন শিক্ষা সফরের ব্যবস্থাও থাকতে হবে;

(১০) প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষাক্রমে যোগাযোগ, দৈনন্দিন প্রয়োজনীয় কাজ নিজে পরিচালনা, সামাজিকতা, লেখাপড়া, খেলাধুলা, স্কাউট, সাংস্কৃতিক কর্মকান্ড (নাচ, গান, আবৃত্তি, অভিনয়, মুকাভিনয় প্রভৃতি), ছবি আঁকা, কম্পিউটার ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রভৃতি শিক্ষা-সহায়ক বিষয় অন্তর্ভুক্ত থাকবে। প্রয়োজন অনুযায়ী এ কার্যক্রমসমূহ স্বল্প ও দীর্ঘমেয়াদি হতে পারে;

(১১) শিক্ষার্থীর সামগ্রিক উন্নয়ন পর্যালোচনার লক্ষ্যে শিক্ষা কার্যক্রমে পিতা-মাতা ও পরিবারের সদস্যদের সম্পৃক্ত করতে হবে এবং ন্যূনতম প্রতি তিন মাসে একটি শিক্ষক/অভিভাবক সভার আয়োজন করতে হবে;

(১২) দুর্যোগ প্রবণ এলাকায় দুর্যোগের সময় প্রতিবন্ধীকে অগ্রাধিকারের ভিত্তিতে আশ্রয় কেন্দ্রে স্থানান্তর করতে হবে।

৮. <u>**বিদ্যালয়সমূহের কার্যক্রম:**</u>

<u>**(ক) প্রতিবন্ধী বিদ্যালয়ের কার্যক্রমসমূহ :**</u>

**(১) শ্রবণ ও বাক প্রতিবন্ধী বিদ্যালয়:**

(ক) ৫ (পাঁচ) বছর এর কম বয়েসী শিক্ষার্থীর জন্য প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমের ব্যবস্থাসহ ভাষার বিকাশের জন্য উক্ত কার্যক্রমে স্পীচ থেরাপি বাধ্যতামূলক থাকবে;

(খ) ৬ (ছয়) বছর এবং তদূর্ধ্ব বয়েসী শ্রবণ ও বাক প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য শ্রবণ যন্ত্র ব্যবহারের মাধ্যমে মৌখিক পদ্ধতিতে শিক্ষাদানের ব্যবস্থাসহ (Auditory-Oral Teaching Method), ইশারা ভাষা (Sign Language) প্রয়োগ এবং সমন্বিত শিক্ষাদান পদ্ধতি (Total Communication) ব্যবহার করে এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের শিক্ষাক্রম, পাঠ্যসূচি ও পাঠ্যবই অনুসরণ করে শিক্ষাদান করতে হবে;

(গ) বিদ্যালয়ে ৬-১৮ বছর বয়েসীদের দৈনন্দিন প্রয়োজনীয় কাজকর্ম (ADL) নিজে নিজে করার দক্ষতা অর্জন বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে;

(ঘ) শ্রবণ ও বাক প্রতিবন্ধী শিশুর ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বা বৃত্তি নির্বাচনের জন্য শিক্ষার্থীর আগ্রহ ও চাহিদার ভিত্তিতে অঙ্কন, খেলাধুলা, প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ যেমন : কুটির শিল্প (সেলাই, সূচিকর্ম, ব্লক বাটিক, বই বাঁধাই, ঠোঙা বানানো, মোম বানানো, হাঁস-মুরগি পালন ইত্যাদি), বেকারী প্রশিক্ষণ, বাগান করা, গৃহস্থালি কাজ, হাট-বাজার প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা থাকতে হবে;

(ঙ) শ্রবণ ও বাক প্রতিবন্ধী প্রত্যেক শিক্ষার্থীর জন্য IEP প্রাথমিক মূল্যায়ন (Primary Assessment), ষান্মাসিক এবং বাৎসরিক শিক্ষা মূল্যায়ন প্রতিবেদন (Annual Education Report) অবশ্যই থাকতে হবে, যা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট অভিভাবক বরাবর ষান্মাসিক এবং বাৎসরিক ভিত্তিতে দাখিল করতে হবে;

(চ) শিশুদের নিজ যত্ন, প্রাথমিক শিক্ষা ও প্রশিক্ষণের সাথে সাথে ভবিষ্যতের কর্মপরিকল্পনা/বৃত্তি নির্বাচনের জন্য শ্রবণ ও বাক প্রতিবন্ধী শিশু উপযোগী প্রাক-বৃত্তি প্রশিক্ষণ ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

**(২) দৃষ্টি ও শ্রবণ-দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়:**

(ক) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা পাঠ্যক্রম ও পাঠ্যসূচি (প্রাথমিক শিক্ষা) মোতাবেক ৬ বছর মেয়াদী (প্রাক প্রাথমিক-৫ম শ্রেণি) পাঠ্যক্রম ও সহপাঠ্যক্রম কার্যক্রম চালু থাকতে হবে;

(খ) দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীর শিক্ষাদানে Talk and Touch পদ্ধতি অনুসরণের পাশাপাশি বাংলা, ইংরেজি ও অন্যান্য বিষয়ের জন্য ব্রেইল পদ্ধতি এবং গণিতের জন্য এ্যাবাকাস ও ট্রেইলর ফ্রেম ব্যবহার করে শিক্ষার্থীরা যাতে শিখতে পারে সে ব্যবস্থা থাকতে হবে;

(গ) অডিও ক্যাসেট ও বিশেষ করে বিজ্ঞান ও ভূগোলের ক্ষেত্রে রেইস ডায়াগ্রাম ব্যবহারের সুযোগ থাকতে হবে;

(ঘ) স্বল্প মাত্রার দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বড় ছাপার বই এর ব্যবস্থা করতে হবে;

(ঙ) শিশুর বিকাশমূলক কার্যক্রমে নিবিড় পরিচর্যা এবং বিদ্যালয় প্রস্তুতিমূলক প্রশিক্ষণের পাশাপাশি অভিভাবকদের জন্য যত্ন ও পরিচর্যা বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম থাকবে;

(চ) দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীরা চলাচল এবং দৈনন্দিন প্রয়োজনীয় কাজকর্ম যাতে নির্বিঘ্নে করতে পারে সে বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা থাকতে হবে;

(ছ) দৃষ্টি প্রতিবন্ধী শিশুর ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বা বৃত্তি নির্বাচনের জন্য শিক্ষার্থীর আগ্রহ ও চাহিদার ভিত্তিতে সংগীত, নৃত্য, খেলাধুলা, প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ যেমন : কুটির শিল্প (বই বাঁধাই, ঠোঙা বানানো, মোম বানানো, হাঁস-মুরগি পালন), বেকারি প্রশিক্ষণ, বাগান করা, গৃহস্থালি কাজ, হাট-বাজার প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা থাকতে হবে।

(জ) শিশুদের নিজ যত্ন, প্রাথমিক শিক্ষা ও প্রশিক্ষণের সাথে সাথে ভবিষ্যতের কর্মপরিকল্পনা/বৃত্তি নির্বাচনের জন্য দৃষ্টি প্রতিবন্ধী শিশু উপযোগী প্রাক-বৃত্তি প্রশিক্ষণ ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(ঝ) শ্রবণ-দৃষ্টি প্রতিবন্ধীর ক্ষেত্রে প্রয়োজনীয় সকল উপযোগী শিক্ষা উপকরণ সরঞ্জামাদি নিশ্চিত করতে হবে।

**(৩) শারীরিক প্রতিবন্ধী বিদ্যালয় :** (ক) দৈনন্দিন জীবন দক্ষতা (ADL) অর্জনের জন্য ২-৫ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য নিবিড় পরিচর্যামূলক এবং প্রাক-প্রাথমিক শ্রেণি থাকতে হবে। উক্ত শ্রেণিতে শিক্ষার্থীর জন্য প্রাথমিক ফিজিওথেরাপি, স্পীচথেরাপি ও অকুপেশনাল থেরাপির ব্যবস্থাসহ সহায়ক উপকরণ প্রদানের ব্যবস্থা থাকতে হবে;

(খ) ৬-১৮ বছর বয়সী শিক্ষার্থীর জন্য প্রতিবন্ধিতার মাত্রা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রদানসহ শিক্ষার্থীদের মূলধারা বিদ্যালয়ের যে কোন শ্রেণিতে ভর্তি উপযোগী করে তৈরি করতে হবে;

(গ) শিক্ষা কার্যক্রমের পাশাপাশি ভবিষ্যতের কর্মপরিকল্পনা ও বৃত্তি নির্বাচনের জন্য শিক্ষার্থীর আগ্রহ, শারীরিক অবস্থা ও চাহিদার ভিত্তিতে প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ, সংগীত, অঙ্কন, বাদ্যযন্ত্র বাজানো, খেলাধুলা প্রভৃতির ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সেলাই, কুটির শিল্প, বই বাঁধাই, ব্লক-বাটিক, গৃহস্থালি কাজ, হাট-বাজার প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রাখতে হবে;

(ঘ) শিক্ষার্থীদের স্বনির্ভরতা অর্জন ও বৃত্তি নির্বাচনের ক্ষেত্রে পিতা-মাতা/অভিভাবক ও পরিবারের সদস্যদের সম্পৃক্ত করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর এর সহায়তায় অভিভাবকগণের জন্য বিশেষ দক্ষতা প্রশিক্ষণ (Caregiver Skill Training) এর আয়োজন করতে হবে।

**(৪) মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধিতা বিদ্যালয়:**

(ক) শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধিতার মাত্রা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রদানসহ শিক্ষার্থীদের মূলধারা বিদ্যালয়ের যে কোন শ্রেণিতে ভর্তি উপযোগী করে তৈরি করতে হবে;

(খ) শিক্ষা কার্যক্রমের পাশাপাশি ভবিষ্যতের কর্মপরিকল্পনা ও বৃত্তি নির্বাচনের জন্য শিক্ষার্থীর আগ্রহ, মানসিক অবস্থা ও চাহিদার ভিত্তিতে বৃত্তিমূলক প্রশিক্ষণ, সংগীত, অংকন, বাদ্যযন্ত্র বাজানো, খেলাধুলা প্রভৃতির ব্যবস্থা করতে হবে;

(গ) শিক্ষার্থীর সামগ্রিক উন্নয়ন পর্যালোচনার লক্ষ্যে শিক্ষা কার্যক্রমে পিতা-মাতা ও পরিবারের সদস্যদের সম্পৃক্ত করতে হবে এবং ন্যূনতম প্রতি তিন মাসে একটি শিক্ষক/ অভিভাবক সভার আয়োজন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সমাজসেবা/ জেপিইউএফ/ এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর সহায়তায় অভিভাবকগণের জন্য বিশেষ দক্ষতা প্রশিক্ষণ (Caregiver Skill Training) এর আয়োজন করতে হবে;

(ঘ) যে সব শিশুর লিখতে (Specific Writing Disabilities) সমস্যা আছে, সেসব শিশুর ক্ষেত্রে শিক্ষকের সরাসরি তত্তাবধানে বানান ও বাক্য লেখার অনুশীলন করাতে হবে।

**<u>(খ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী বিদ্যালয়ের কার্যক্রমসমূহ :</u>**

**(১) বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়:**

(ক) বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষার্থীদের বয়স হবে ৩-১৮ বৎসর। বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ে ৩-৫ বছর বয়েসী শিক্ষার্থীদের জন্য মা ও শিশুর নিবিড় পরিচর্যামূলক শ্রেণি থাকবে। উক্ত শ্রেণির আওতাভুক্ত হবে—

(অ) শিশুর বিকাশমূলক কার্যক্রম;

(আ) শিশুর যত্ন ও পরিচর্যা বিষয়ক অভিভাবক প্রশিক্ষণ; এবং

(ই) বিদ্যালয় প্রস্তুতিমূলক কার্যক্রম;

(খ) বিদ্যালয়ে ৬-১৮ বছর বয়েসীদের দৈনন্দিন প্রয়োজনীয় কাজকর্ম নিজে নিজে করার দক্ষতা (দৈনন্দিন প্রয়োজনীয় কাজের দক্ষতা-ADL) অর্জন এবং Behaviour Change Communication Materials (BCCM) বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর বুদ্ধি প্রতিবন্ধিতার মাত্রা অনুযায়ী বয়সসীমা শিথিলযোগ্য;

(গ) মূলধারার শিক্ষা প্রতিষ্ঠানের আওতায় প্রতিষ্ঠিত এনডিডি শিক্ষা কার্যক্রমের বা নিকটবর্তী এনডিডি শিক্ষা প্রতিষ্ঠানের মৃদু ও মাঝারি মাত্রার বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষার্থী যারা বিশেষ ও প্রাক-প্রাথমিক শিক্ষা সমাপনান্তে আনুষ্ঠানিক বা মূলধারার প্রাথমিক (১ম-৫ম শ্রেণি) ও মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি) পর্যন্ত শিক্ষাক্রমের জন্য উপযোগী বিবেচিত হবে, তাদেরকে উপযোগিতা অনুযায়ী সংশ্লিষ্ট মূলধারার বা নিকটস্থ অন্যকোন মূলধারার শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শ্রেণিতে ভর্তির সুযোগ নিশ্চিত করতে হবে;

(ঘ) শিক্ষার্থীদের স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে পিতা মাতা ও পরিবারের সদস্যদের সম্পৃক্ত করতে হবে;

(ঙ) বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তির ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বা বৃত্তি নির্বাচনের জন্য শিক্ষার্থীর আগ্রহ ও চাহিদার ভিত্তিতে নৃত্য, সংগীত, অঙ্কন, বাদ্যযন্ত্র, খেলাধূলা, প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ যেমন : কুটির শিল্প (সেলাই, সূচিকর্ম, ব্লক বাটিক, বই বাঁধাই, ঠোঙা বানানো, মোম বানানো, হাঁস-মুরগি পালন ইত্যাদি), বেকারি প্রশিক্ষণ, বাগান করা, গৃহস্থালি কাজ, হাট-বাজার প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা থাকতে হবে;

(চ) বিশেষ উপকরণ যেমন-বাস্তব জিনিসপত্র মডেল (মাটি, কাঠ, প্লাস্টিক ইত্যাদি), ফ্লো-চার্ট, এ্যাকটিভিটি চার্ট, ছবির বই, পাপেট ইত্যাদি ব্যবহারপূর্বক সহজকৃত পাঠ পরিকল্পনার মাধ্যমে পাঠদান করতে হবে;

(ছ) শিশুদের নিজ যত্ন, প্রাথমিক শিক্ষা ও প্রশিক্ষণের সাথে সাথে ভবিষ্যতের কর্মপরিকল্পনা/বৃত্তি নির্বাচনের জন্য বিভিন্ন এনডিডি সমস্যাযুক্ত শিশু উপযোগী প্রাক-বৃত্তি প্রশিক্ষণ ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

**(২) অটিজম বিদ্যালয়:**

(ক) অটিজম বিদ্যালয়ের শিক্ষার্থীদের বয়স হবে ৩-১৮ বছর। ক্ষেত্র বিশেষে (নির্ভর করবে শিক্ষার্থীর অবস্থার উপর) বয়সসীমা শিথিলযোগ্য;

(খ) অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন ছাত্র/ছাত্রীদের শ্রেণিকক্ষ অবশ্যই সুসংগঠিত হতে হবে যেমন-আসবাবপত্রের সুষম বিন্যাস, চিত্রের মাধ্যমে পর্যাপ্ত নির্দেশক এর ব্যবস্থা থাকতে হবে;

(গ) শিক্ষা ও প্রশিক্ষণে প্রচুর উপযোগী শিক্ষণ উপকরণ যথা BCCM, সেন্সরি টয়স, পুতি, ছবির বই ইত্যাদির ব্যবস্থা থাকবে;

(ঘ) অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থী/ব্যক্তির ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বা বৃত্তি নির্বাচনের জন্য শিক্ষার্থীর আগ্রহ ও চাহিদার ভিত্তিতে নৃত্য, সংগীত, অঙ্কন, বাদ্যযন্ত্র, খেলাধূলা, প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ যেমন : কুটির শিল্প (সেলাই, সূচিকর্ম, ব্লক বাটিক, বই বাঁধাই, ঠোঙা বানানো, মোম বানানো, হাঁস-মুরগি পালন ইত্যাদি), বেকারি প্রশিক্ষণ, বাগান করা, গৃহস্থালি কাজ, হাট-বাজার প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা থাকতে হবে;

(ঙ) এনডিডি শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে এরূপ মূলধারার শিক্ষা প্রতিষ্ঠান বা নিকটবর্তী এনডিডি শিক্ষা প্রতিষ্ঠানের মৃদু ও মাঝারি মাত্রার অটিজম শিক্ষার্থী যারা বিশেষ ও প্রাক-প্রাথমিক শিক্ষা সমাপনান্তে আনুষ্ঠানিক বা মূলধারার প্রাথমিক (১ম-৫ম শ্রেণি) ও মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি) পর্যন্ত শিক্ষাক্রমের জন্য উপযোগী বিবেচিত হবে তাদেরকে উপযোগিতা অনুযায়ী মূলধারার সংশ্লিষ্ট শ্রেণিতে ভর্তিরও সুযোগ থাকতে হবে;

(চ) বিশেষ ক্ষেত্রে পারদর্শী অটিজম শিক্ষার্থীর জন্য মেধার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ছ) সকল অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের জন্য তপশিল-ঘ তে বর্ণিত জনবল নিয়োগ করতে হবে;

(জ) শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমে ও স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে অভিভাবক তথা পিতা মাতা ও পরিবারের সদস্যদের সম্পৃক্ত করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে এনডিডি সুরক্ষা ট্রাস্টের সহায়তায় অভিভাবকগণের জন্য বিশেষ দক্ষতা প্রশিক্ষণ (Caregiver Skill Training) এর আয়োজন করতে হবে।

(৩) **সেরিব্রাল পালসি বিদ্যালয়ঃ**

(ক) দৈনন্দিন প্রয়োজনীয় কাজের দক্ষতা (ADL) অর্জনের জন্য ২-৫ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য নিবিড় পরিচর্যামূলকসহ প্রাক-প্রাথমিক শ্রেণির ব্যবস্থা থাকতে হবে এবং উক্ত শ্রেণিতে শিক্ষার্থীদের জন্য প্রাথমিক ফিজিওথেরাপি, স্পীচথেরাপি ও অকুপেশনাল থেরাপি ব্যবস্থার পাশাপাশি Alternative Augmentative Communication & Assistive Technology এবং BCCM সহ সহায়ক উপকরণ প্রদানের ব্যবস্থা থাকতে হবে;

(খ) ৬-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধিতার মাত্রা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রদানসহ শিক্ষার্থীদের মূলধারা বিদ্যালয়ের যে কোন শ্রেণিতে ভর্তি উপযোগী করে তৈরি করতে হবে;

(গ) শিক্ষা কার্যক্রমের পাশাপাশি ভবিষ্যতের কর্মপরিকল্পনা ও বৃত্তি নির্বাচনের জন্য শিক্ষার্থীর আগ্রহ, শারীরিক অবস্থা ও চাহিদার ভিত্তিতে প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ, নৃত্য, সংগীত, অঙ্কন, বাদ্যযন্ত্র বাজানো, খেলাধূলা প্রভৃতির ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সেলাই, কুটির শিল্প, বই বাঁধাই, ব্লক-বাটিক, গৃহস্থালি কাজ, হাট-বাজার প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রাখতে হবে;

(ঘ) শিক্ষার্থীদের স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে পিতামাতা/অভিভাবক ও পরিবারের সদস্যদের সম্পৃক্ত করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে এনডিডি সুরক্ষা ট্রাস্টের সহায়তায় অভিভাবকগণের জন্য বিশেষ দক্ষতা প্রশিক্ষণ (Caregiver Skill Training) এর আয়োজন করতে হবে।

(৪) **ডাউন সিনড্রোম বিদ্যালয়ঃ**

(ক) ডাউন সিনড্রোম বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থায় শিক্ষার্থীদের বয়স হবে ৩-১৮ বছর। ক্ষেত্র বিশেষে (নির্ভর করবে শিক্ষার্থীর অবস্থার উপর) বয়সসীমা শিথিলযোগ্য;

(খ) ডাউন সিনড্রোম বৈশিষ্ট্যসম্পন্ন ছাত্র/ছাত্রীদের শ্রেণিকক্ষ অবশ্যই সুসংগঠিত হতে হবে যথা-আসবাবপত্রের সুষম বিন্যাস;

(গ) শিক্ষা ও প্রশিক্ষণে প্রচুর শিক্ষণ উপকরণ যথা BCCM, শিক্ষণ খেলনা, ছবির বই, বই ইত্যাদি থাকবে;

(ঘ) প্রত্যেকটি শিশুর জন্য শিক্ষা কার্যক্রমে অবশ্যই তার যোগাযোগ, সামাজিকতা, সৃজনশীলতা, লেখাপড়া, খেলাধূলার উন্নতির লক্ষ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকবে;

(ঙ) প্রত্যেকটি ডাউন সিনড্রোম বৈশিষ্ট্যসম্পন্ন ছাত্র/ছাত্রীর প্রশিক্ষণ কার্যক্রমে দৈনন্দিন কার্যক্রম স্বহস্তে পরিচালনা করার দক্ষতা অর্জনের প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে;

(চ) শিক্ষা কার্যক্রমের পাশাপাশি ভবিষ্যতের কর্মপরিকল্পনা ও বৃত্তি নির্বাচনের জন্য শিক্ষার্থীর আগ্রহ, শারীরিক অবস্থা ও চাহিদার ভিত্তিতে প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ, নৃত্য, সংগীত, অঙ্কন, বাদ্যযন্ত্র বাজানো, খেলাধূলা প্রভৃতির ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সেলাই, কুটির শিল্প, বই বাঁধাই, ব্লক-বাটিক, গৃহস্থালি কাজ, নিজে হাট-বাজার করা প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রাখতে হবে;

(ছ) এনডিডি শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে এরূপ মূলধারার শিক্ষা প্রতিষ্ঠান বা নিকটবর্তী এনডিডি শিক্ষা প্রতিষ্ঠানের মৃদু ও মাঝারি মাত্রার ডাউন সিনড্রোম শিক্ষার্থী যারা বিশেষ ও প্রাক প্রাথমিক শিক্ষা সমাপনান্তে আনুষ্ঠানিক বা মূলধারার প্রাথমিক (১ম—৫ম শ্রেণি) ও মাধ্যমিক (৬ষ্ঠ—১০ম শ্রেণি) পর্যন্ত শিক্ষাক্রমের জন্য উপযোগী বিবেচিত হবে তাদেরকে উপযোগিতা অনুযায়ী মূলধারার সংশ্লিষ্ট শ্রেণিতে ভর্তিরও সুযোগ থাকতে হবে;

(জ) শিক্ষা কার্যক্রমে অবশ্যই অভিভাবকদের সম্পৃক্ত করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে এনডিডি সুরক্ষা ট্রাস্টের সহায়তায় অভিভাবকগণের জন্য বিশেষ দক্ষতা প্রশিক্ষণ (Caregiver Skill Training) এর আয়োজন করতে হবে;

(ঝ) সকল ডাউন সিনড্রোম বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের জন্য স্পীচ থেরাপিস্ট ও অকুপেশনাল থেরাপিস্ট এর ব্যবস্থা রাখা;

(ঞ) বছরে ন্যূনতম একবার হাতে-কলমে প্রশিক্ষণের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা রাখতে হবে।

**উপরোক্ত সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ এ বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে এবং উপরে (খ) অনুচ্দেদে বর্ণিত প্রতিষ্ঠানসমূহের জন্য পৃথকভাবে বিদ্যালয় স্থাপন করতে হবে।**

**৯. <u>বিদ্যালয় পরীক্ষার ফলাফল:</u>**

(ক) **প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাসমূহকে নিম্নোক্ত ন্যূনতম ফলাফল অর্জন করতে হবে-**

(১) অভিভাবক মূল্যায়ন (সরকার কর্তৃক নির্ধারিত মূল্যায়নপত্র অনুযায়ী) প্রাপ্ত গড় নম্বর, ব্যবস্থাপনা কমিটির মূল্যায়ন (সরকার কর্তৃক নির্ধারিত মূল্যায়নপত্র অনুযায়ী) এবং সরকার কর্তৃক নিয়োজিত অন্যান্য পরিদর্শন মূল্যায়ন (সরকার কর্তৃক নির্ধারিত মূল্যায়নপত্র অনুযায়ী) পৃথক পৃথকভাবে কমপক্ষে ৬০ নম্বর অর্জন করতে হবে;

(২) বেতনভাতা প্রাপ্তির আবেদনকারী বিদ্যালয়কে স্বীকৃতি প্রাপ্তির পরবর্তী ২(দুই) বছরের মধ্যে উপরে বর্ণিত ফলাফলসমূহ অর্জন করতে হবে এবং উক্ত ফলাফল সংরক্ষণ করতে হবে। স্বীকৃতিপ্রাপ্ত এবং এমপিওভুক্ত বিদ্যমান বিদ্যালয়ের জন্য প্রতি বছর সরকারি বেতনভাতা প্রাপ্তির ক্ষেত্রে ৯(১) অনুচ্ছেদের শর্ত প্রতিপালন করতে হবে।

(খ) **বুদ্ধি প্রতিবন্ধী/অটিজম/সেরিব্রাল পালসি/ডাউন সিনড্রোম বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাসমূহকে নিম্নোক্ত ন্যূনতম ফলাফল অর্জন করতে হবে—**(১) অভিভাবক মূল্যায়নে (সরকার কর্তৃক নির্ধারিত মূল্যায়নপত্র) প্রাপ্ত গড় নম্বর, ব্যবস্থাপনা কমিটির মূল্যায়ন (সরকার কর্তৃক নির্ধারিত মূল্যায়নপত্র) এবং সরকার কর্তৃক নিয়োজিত অন্যান্য পরিদর্শন মূল্যায়নে (সরকার কর্তৃক নির্ধারিত মূল্যায়নপত্র) পৃথক পৃথকভাবে কমপক্ষে ৬০ নম্বর অর্জন করতে হবে;

(২) বছরে মোট শিক্ষার্থীর অন্ততপক্ষে ৩৫% শিক্ষার্থী তাদের দৈনন্দিন জীবনযাপনের আবশ্যকীয় বিষয়ে (ADL) দক্ষতা অর্জন করতে হবে। যেমন-নিজে নিজে দাঁত মাজা, পোশাক পরা, গোসল করা, চুল আঁচড়ানো, খাওয়া, টয়লেটে ব্যবহার করতে পারা প্রভৃতি;

এছাড়াও শিক্ষার্থীগণ স্বাস্থ্য শিক্ষা, সংবেদনশীল দক্ষতা, ভাষা ও যোগাযোগ দক্ষতা, সামাজিক ও আবেগিক দক্ষতা, বুদ্ধিবৃত্তিক/ জ্ঞানীয় দক্ষতা এবং সৃজনশীল দক্ষতা অর্জন করবে;

(৩) বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়কে ন্যূনতম নিম্নোক্ত ফলাফল অর্জন করতে হবে—

(ক) সেলাই, কুটির শিল্প, বই বাঁধাই, ব্লক বাটিক, হাঁস মুরগি পালন, বাগান করা, গৃহস্থালী কাজ ও হাট-বাজার করা ইত্যাদি একাধিক প্রশিক্ষণের মাধ্যমে কমপক্ষে ৩০% শিক্ষার্থীকে সাধারণ প্রাথমিক শিক্ষা স্কুলে ভর্তির ব্যবস্থা করা;

(খ) বিবেচ্য বিদ্যালয়কে এমপিওভুক্তির পরবর্তী ২(দুই) বছরের মধ্যে উপরে বর্ণিত ফলাফলসমূহ অর্জন করতে হবে এবং উক্ত ফলাফল সংরক্ষণ করতে হবে। স্বীকৃতিপ্রাপ্ত এবং এমপিওভুক্ত বিদ্যমান বিদ্যালয়ের জন্য প্রতিবছর সরকারি বেতনভাতা প্রাপ্তির ক্ষেত্রে উপরে বর্ণিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে।

১০.(ক) পিতামাতা, শিক্ষার্থী এবং অভিভাবক, কমিটির সদস্যগণ, শিক্ষক, কর্মচারিসহ সম্পৃক্ত সকলকে প্রতিবন্ধিতা সম্পর্কে ধারণা ও তাদের আচরণ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান এবং গ্রহণ এই নীতিমালার অধীন সকল প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক বলে বিবেচিত হবে।

(খ) প্রতিবন্ধীদের সামগ্রিক বিকাশের লক্ষ্যে পর্যায়ক্রমে মূলধারার শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকার/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**(গ) অনুচ্ছেদ ৭(৪) (৫) (৬) এ উল্লিখিত প্রশিক্ষণ গ্রহণের পর প্রতিবন্ধী ব্যক্তি কোন কোন কর্মক্ষেত্রে নিয়োজিত হচ্ছেন তার একটি ডাটা বেইজ প্রত্যেক প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। সংশ্লিষ্ট দফতরসমূহ উক্ত ডাটা হতে সমন্বিত ডাটা বেইজ প্রস্তুত ও সংরক্ষণ করবেন।**

**১১. <u>হিসাব সংরক্ষণ ও আয়-ব্যয় নিরীক্ষা:</u>**

(১) 'স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রীকরণ ও নিয়ন্ত্রণ) ১৯৬২' এর ৯-বিধি অনুসরণে প্রতিবছর সরকারি বেতন-ভাতা প্রদানকারী কর্তৃপক্ষ অথবা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বার্ষিক প্রতিবেদন দাখিল করতে হবে, যা উক্ত কর্তৃপক্ষ নির্ধারিত পদ্ধতিতে নিরীক্ষার ব্যবস্থা গ্রহণ করবে;

(২) এই নীতিমালার আলোকে বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়সমূহের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতা ইত্যাদি সংক্রান্ত সকল আর্থিক বিল বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে উত্তোলন করতে হবে।

**১২. <u>ব্যবস্থাপনা কমিটি</u>:** প্রতিটি বিদ্যালয়ে ৩(তিন) বৎসর মেয়াদ কালের জন্য নিম্নবর্ণিত ১৩ (তের) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটি থাকবে এবং এই কমিটির উপর বিদ্যালয় পরিচালনার দায়িত্ব ন্যস্ত থাকবে।

**(ক) জেলা পর্যায়ে স্থাপিত বিদ্যালয়ের জন্য**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক অথবা তাঁর উপযুক্ত প্রতিনিধি | সভাপতি |
| ২. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৫. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৬. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট এনজিও এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৮. | দাতা বা তার প্রতিনিধি | সদস্য |
| ৯. | প্রতিষ্ঠাতা বা তার প্রতিনিধি | সদস্য |
| ১০. | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | সদস্য |
| ১১. | শিক্ষকদের প্রতিনিধি | সদস্য |
| ১২. | প্রতিবন্ধী শিশুদের অভিভাবকদের প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | প্রধান শিক্ষক | সদস্য-সচিব |

**(খ) উপজেলা পর্যায়ে স্থাপিত বিদ্যালয়ের জন্য**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার অথবা তাঁর উপযুক্ত প্রতিনিধি | সভাপতি |
| ২. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৩. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট এনজিও'র প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৮. | দাতা বা তার প্রতিনিধি | সদস্য |
| ৯. | প্রতিষ্ঠাতা বা তার প্রতিনিধি | সদস্য |
| ১০. | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | সদস্য |
| ১১. | শিক্ষকদের প্রতিনিধি | সদস্য |
| ১২. | প্রতিবন্ধী শিশুদের অভিভাবকদের প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | প্রধান শিক্ষক | সদস্য-সচিব |

**(গ) সেনানিবাস এলাকায় অবস্থিত বিদ্যালয়ের জন্য**

| | | |
|---|---|---|
| ১. | ব্রিগেডিয়ার জেনারেল/কর্ণেল/সমমর্যাদার সামরিক অফিসার | সভাপতি |
| ২. | জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ৫. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৬. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৭. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | দাতা বা তার প্রতিনিধি | সদস্য |
| ৯. | প্রতিষ্ঠাতা বা তার প্রতিনিধি | সদস্য |
| ১০. | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | সদস্য |
| ১১. | শিক্ষকদের প্রতিনিধি | সদস্য |
| ১২. | প্রতিবন্ধী শিশুদের অভিভাবকদের প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | প্রধান শিক্ষক/অধ্যক্ষ | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

ক) জেলা/ উপজেলা/সেনানিবাস এলাকায় অবস্থিত প্রতিবন্ধী বিদ্যালয়সমূহের সার্বিক ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করা;

খ) সংশ্লিষ্ট বিদ্যালয়/সমন্বিত শিক্ষা কার্যক্রম চালু রয়েছে, এমন মূলধারার বিদ্যালয়ে এনডিডি এবং এনডিডি ব্যতীত শিশুর/ব্যক্তির ভর্তির বিষয়টি নিশ্চিত করা;

গ) প্রতিবন্ধী বিদ্যালয়সমূহে শিক্ষার্থীর মর্যাদাপূর্ণ অবস্থান সুনিশ্চিত করা;

ঘ) কোন শিক্ষার্থীর সাথে অবহেলা (Negligence) বা অমর্যাদাপূর্ণ (Abusive) আচরণ করা হলে দায়ী ব্যক্তির বিরুদ্ধে বিধিমতে ব্যবস্থা গ্রহণ করা;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যালয়ে মূলধারার শিক্ষার্থী ও প্রতিবন্ধী শিক্ষার্থীর মাঝে পারস্পরিক সম্মানজনক সহ-অবস্থান নিশ্চিত করা;

চ) জেলায়/উপজেলায়/সেনানিবাস এলাকায় অবস্থিত প্রতিবন্ধী বিদ্যালয়সমূহে জনবল নিয়োগের সুপারিশ প্রদান।

**১৩. <u>নতুন বিদ্যালয় স্থাপন, নিবন্ধন ও স্বীকৃতি:</u>**

(১) প্রাপ্যতা: কোন এলাকায় প্রতিবন্ধী বিদ্যালয় স্থাপন করতে হলে ঐ এলাকায় প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি মোতাবেক ন্যূনতম ৫০০(পাঁচ শত) জন ছাত্র-ছাত্রীর জন্য সংখ্যার ভিত্তিতে বিদ্যালয়ের প্রাপ্যতা যাচাইঅন্তে সরকার পর্যায়ক্রমে বিদ্যালয় স্থাপনের অনুমোদন প্রদান করবে। প্রাথমিক পর্যায়ে প্রতিটি জেলায় ন্যূনতম ১(এক) টি করে বিদ্যালয় স্থাপনের অনুমোদন প্রদান করা হবে;

(২) আর্থিক সংশ্লেষ থাকায় এ নীতিমালার আওতায় নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের চূড়ান্ত অনুমোদনের পূর্বে সমাজকল্যাণ মন্ত্রণালয় আবশ্যিকভাবে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করবে;

(৩) জমিঃ বিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে বিদ্যালয়ের মালিকানায় রেজিস্ট্রিকৃত দলিলমূলে নিম্নরূপ জমি থাকতে হবে:

(ক) সিটি কর্পোরেশন এলাকায় ন্যূনতম ৫(পাঁচ) শতক জমি/৩০০০ (তিন হাজার) বর্গফুটের ফ্ল্যাট (নামজারীসহ);

(খ) জেলা সদরের জন্য ন্যূনতম ১৫ (পনের) শতক, উপজেলার জন্য ন্যূনতম ২০ (বিশ) শতক জমি (নামজারীসহ);

(৪) ব্যক্তির নামে নামকরণ: কোন ব্যক্তির নামে বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান স্থাপন করতে হলে সংশ্লিষ্ট বিদ্যালয়/প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে এককালীন ন্যূনতম ১০(দশ) লক্ষ টাকা প্রদান করতে হবে;

(৫) দাতা সদস্য হতে হলে সংশ্লিষ্ট বিদ্যালয়/প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে নামে এককালীন ন্যূনতম ২(দুই) লক্ষ টাকা প্রদান করতে হবে;

(৬) সরকারি বেতনভাতা প্রাপ্ত সমাজসেবা/জেপিইউএফ/এনডিডি সুরক্ষা ট্রাস্ট কিংবা অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত বিদ্যালয়ের যাদের নিজস্ব জমি নেই তাদেরকে নীতিমালা জারীর পরবর্তী ০২(দুই) বছরের মধ্যে রেজিস্ট্রিকৃত সাফ কবলা দলিল মূলে (নামজারীসহ) সংশ্লিষ্ট বিদ্যালয়ের নামে জমি/ভবনের মালিকানা অর্জন করতে হবে;

(৭) সরকারের বিদ্যমান নীতিমালা, নিদের্শনা এবং শর্তসমূহ পূরণের নিশ্চয়তা প্রদান করে বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা স্থাপন ও চালু করার জন্য 'স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি ১৯৬২' এর নির্ধারিত ফরমে সমাজসেবা অধিদফতর বরাবর আবেদন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

(৮) প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট বিদ্যালয় স্থাপন/পরিচালনা করতে হলে এরূপ প্রতিটি বিদ্যালয়কে আলাদা আলাদাভাবে নিবন্ধন গ্রহণ করতে হবে;

(৯) অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট বিদ্যালয় শুধুমাত্র ১টি প্রতিষ্ঠান হতে বেতনভাতা প্রাপ্য হবে। এক্ষেত্রে অপর প্রতিষ্ঠান হতে এতদ্‌সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(১০) শুধুমাত্র স্বীকৃতিপ্রাপ্ত প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাকে সরকারি অনুদান দেয়া হয়ে থাকে বিধায় নিবন্ধনের জন্য আবেদনকারী/অস্থায়ী নিবন্ধন প্রাপ্ত বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাকে অনুদান প্রদান করা হবে না;

(১১) এনডিডি সুরক্ষা ট্রাস্ট/জেপিইউএফ/সমাজসেবা অধিদফতরসহ অন্যান্য সকল প্রতিষ্ঠান কর্তৃক যে সমস্ত প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট বিদ্যালয় ইতোমধ্যে চালু রয়েছে, সেগুলোর প্রত্যেকটিকে নীতিমালা জারীর ০৩(তিন) বছরের মধ্যে পৃথকভাবে নিজস্ব উদ্যোগে নীতিমালায় বর্ণিত সংশ্লিষ্ট যোগ্যতা অর্জন করতে হবে এবং সরকারি স্বীকৃতি গ্রহণ করতে হবে। অন্যথায় প্রদত্ত সরকারি অনুদান/বেতন-ভাতা স্থগিত থাকবে;

(১২) প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠিত বিদ্যালয়/প্রতিবন্ধী বিশেষ শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে এরূপ মূলধারার বিদ্যালয় এর জনবল কাঠামো ও ন্যূনতম যোগ্যতা এই নীতিমালার তপশিল 'গ' ও তপশিল 'ঘ' অনুযায়ী হতে হবে;

(১৩) যদি কোন বিদ্যালয় এই নীতিমালায় উল্লিখিত জনবলের অতিরিক্ত জনবল বা শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে বা কর্মরত রাখতে চান তবে নির্ধারিত জনবলের অতিরিক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে;

(১৪) কোন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারী কোন বিদ্যালয়ে নিয়োগ লাভ করলে তাঁর পেনশন বাবদ অর্থ বাদ দিয়ে অবশিষ্ট অংশ বেতন-ভাতার সরকারি অংশ হিসেবে পাবেন;

(১৫) কোন পদে কর্মরত কোন শিক্ষক/কর্মচারী তাঁদের প্রশিক্ষণ/উচ্চতর ডিগ্রী/অভিজ্ঞতার জন্য উচ্চতর স্কেল বা বর্ধিত বেতন পাওয়ার যোগ্য হলে যোগ্যতা অর্জনের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের তারিখ হতে তাঁর বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্য হবেন;

(১৬) বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য আবেদনকারী শিক্ষক/কর্মচারী এক সাথে একাধিক চাকুরিতে বা আর্থিক পেশায় নিয়োজিত থাকতে পারবেন না। প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ, যোগ্যতা ও অভিজ্ঞতার বিষয়ে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(অ) প্রতিবন্ধী বিদ্যালয়ে নিয়োগের পুর্বে প্রত্যেক শিক্ষককে অবশ্যই সরকার কর্তৃক নির্ধারিত প্রতিবন্ধী বিষয়ে ট্রেনিংপ্রাপ্ত হতে হবে;

(আ) নীতিমালার তপশিলে বর্ণিত শিক্ষক নিয়োগ প্রদানের ক্ষেত্রে নিয়োগযোগ্যতায় উল্লিখিত অন্যান্য শর্তাবলী পূরণসাপেক্ষে এনডিডি বা এনডিডি ব্যতীত প্রতিবন্ধী শিশুর অভিভাবক (বাবা বা মা) আবেদনকারীকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

(ই) শিক্ষকের প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি Cocurriculur Activity জানা থাকলে প্রাধান্য দেয়া হবে।

**১৪. <u>জনবল কাঠামো ও নিয়োগ প্রক্রিয়া:</u>** (১) জনবল কাঠামোর শর্তসমূহ: প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার জন্য আগ্রহী, কর্মঠ এবং প্রতিবন্ধিতা বিষয়ে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণপ্রাপ্ত জনবলকে নিয়োগ দিতে হবে। জনবল নিয়োগের শর্তসমূহ হবে নিম্নরূপ—

(ক) এমইসিএসএস এর জন্য জনবল কাঠামো ও ন্যূনতম যোগ্যতা তপশিল 'ক' ও তপশিল 'খ' অনুযায়ী হবে;

(খ) প্রতিবন্ধী সংশ্লিষ্ট বিদ্যালয় এর জনবল কাঠামো (অনুচ্ছেদ-৪) ও ন্যূনতম যোগ্যতা এই নীতিমালার তপশিল **'গ'** ও তপশিল **'ঘ'** অনুযায়ী হবে। যোগ্য শিক্ষক বাছাইকরণে পর্যায়ক্রমে 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)' এর মাধ্যমে শিক্ষক নিবন্ধন এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে এ বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(২) নিয়োগ প্রক্রিয়া: ন্যূনতম ১টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ ও চাকুরি বিধি অনুযায়ী এই নীতিমালার আওতায় নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**১৫. পদ সমন্বিতকরণ:** (১) নতুন জনবল ও বেতন কাঠামো জারির পর এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট গ্রুপ ও পদবির বিপরীতে নিয়োজিত শিক্ষক কর্মচারীদের পদায়ন করতে হবে;

(২) নতুন জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক ও কর্মচারীদের প্রাপ্যতা নির্ধারণের পর এমপিওভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারী সংখ্যা যদি প্রাপ্যতার অতিরিক্ত হয়, তবে অতিরিক্ত পদসমূহ উদ্বৃত্ত পদ বলে পরিগণিত হবে। এ ধরণের উদ্বৃত্ত পদ ব্লক পদ হিসাবে গণ্য হবে এবং নতুনভাবে এ পদে আর লোক নিয়োগ করা যাবে না;

(৩) নতুন জনবল কাঠামো অনুযায়ী পদায়নের পর শূন্য পদ থাকলে তাতে সরকারের পূর্বানুমোদন গ্রহণপূর্বক নতুন নিয়োগের জন্য চাকুরী বিধি এবং বিদ্যমান অন্যান্য বিধি বিধান ও নিয়ম অনুযায়ী নিয়োগ প্রদান করতে হবে।

**১৬. শিক্ষা দানের সময় নির্ধারণ:**

(১) প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাগুলোতে সপ্তাহে অন্যূন ৩০ ঘণ্টা সময় পর্যন্ত ক্লাস অনুষ্ঠিত হবে ;

(২) এনডিডি বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাগুলোতে সপ্তাহে অন্যূন ২৪ ঘণ্টা সময় পর্যন্ত ক্লাস অনুষ্ঠিত হবে;

(৩) শিক্ষকদের অবশ্যই ১টি বিষয়ে মৌলিক দক্ষতা থাকতে হবে, যাতে এ নীতিমালার ৮ অনুচ্ছেদে বর্ণিত শিক্ষা কার্যক্রম সূচারুরূপে সম্পাদন করতে পারে, যা সংশ্লিষ্ট শিক্ষার্থীর দক্ষতা অর্জনে সহায়ক হবে;

(৪) প্রত্যেক শিক্ষককে অবশ্যই নির্ধারিত অনুসরণীয় সহপাঠক্রমিক বিষয়ের ন্যূনতম ২টি বিষয়ে দায়িত্ব পালন করতে হবে।

**১৭. শিক্ষক ও কর্মচারীদের বেতন নির্ধারণ:**

(১) বিবেচ্য বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক, এনডিডি সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের পদওয়ারী শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতনক্রম এ নীতিমালার আলোকে নির্ধারণ করতে হবে;

(২) শিক্ষক, এনডিডি সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের অভিজ্ঞতা তাঁদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য সরকার কর্তৃক বেতন-ভাতা প্রদানের আদেশ জারির তারিখ হতে গণনা করা হবে;

(৩) বর্তমানে নিয়োজিত এবং বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত কোন শিক্ষক/কর্মচারী উল্লেখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন না হলে বর্তমান নীতিমালায় উল্লেখিত বেতন স্কেল প্রাপ্য হবেন না। তাঁর জন্য একধাপ নিচে বেতন স্কেল নির্ধারণ করতে হবে। এই আদেশ জারির ০৩ (তিন) বছরের মধ্যে তাঁকে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত যোগ্যতা অর্জন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগ্যতা অর্জনে ব্যর্থ হলে তাঁর বেতনভাতা স্থগিত থাকবে। পরবর্তী সর্বোচ্চ ০২(দুই) বছরের মধ্যে নির্ধারিত যোগ্যতা অর্জনে ব্যর্থ হলে অযোগ্য হিসেবে তিনি চাকুরীচ্যুত হবেন।

১৮. **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন:** বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরীরত অবস্থায় প্রতিষ্ঠান প্রধানের অনুমতিক্রমে কোন শিক্ষক/কর্মচারী অন্য কোন সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে সমপদে বা উর্ধ্বতন পদে নিয়োগের জন্য আবেদন করলে তাঁকে বিভাগীয় প্রার্থীরূপে গণ্য করা হবে। এইরূপ প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত হবেন সে শিক্ষা প্রতিষ্ঠান বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্য হলে পূর্বোক্ত প্রতিষ্ঠানের ছাড়পত্র গ্রহণ/প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষ হতে অনুমোদন গ্রহণ এবং অন্যান্য যোগ্যতাপূরণ সাপেক্ষে তিনি সমহারে/নির্ধারিত হারে নতুন প্রতিষ্ঠানে যোগদানের তারিখ হতে বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্য হবেন। তবে, এক প্রতিষ্ঠান হতে চাকুরী ত্যাগ করবার পর অন্য প্রতিষ্ঠানে যোগদানকালীন সময়ের ব্যবধান ০৬ মাসের অধিক হলে উক্ত মেয়াদ অভিজ্ঞতার ক্ষেত্রে গণ্য হবে না এবং এ সময়ে বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির বিষয়ে নির্ধারিত কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৯. **বেতন ভাতাদির সরকারি অংশ ছাড়করণ পদ্ধতি:**

(১) শতভাগ বেতন ভাতা প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত নিয়ম অনুযায়ী প্রতিটি প্রতিবন্ধী বিদ্যালয়/মূলধারার বিদ্যালয়ের সংশ্লিষ্ট অংশের বেতন ভাতাদি প্রদান করা হবে;

(২) শতভাগ বেতন ভাতা প্রাপ্তির জন্য ফরম-৩ ও ফরম-৪ (সংযোজিত নির্ধারিত ফরম) এ সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদিসহ কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে;

(৩) আবেদনপত্র ব্যবস্থাপনা কমিটি রেজুলিউশন/নিশ্চয়তাপত্রসহ প্রাথমিক পর্যায়ে পরীক্ষান্তে অনুমোদন করে নির্ধারিত কর্তৃপক্ষ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পাঠাবে;

(৪) শতভাগ বেতন-ভাতা প্রদানকারী কর্তৃপক্ষ প্রত্যেক শিক্ষক/কর্মচারীর নিজস্ব একাউন্টে বেতন-ভাতা বা অনুদান এর অর্থ প্রদান করবেন;

(৫) বেতন ভাতাদির সরকারি অংশ বন্টন অথবা সার্বিক আর্থিক অব্যবস্থাপনা/অনিয়মের জন্য বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি ও প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

২০. **প্রতিবন্ধী বিদ্যালয়/মূলধারার বিদ্যালয়ের স্বীকৃতি প্রাপ্তির আবেদন:** এ নীতিমালা জারির পূর্বে প্রতিষ্ঠিত এবং পরবর্তিতে নতুনভাবে সৃষ্ট প্রতিবন্ধী বিদ্যালয়/মূলধারার বিদ্যালয়ের স্বীকৃতি প্রাপ্তি/ বেতনভাতা প্রাপ্তির আবেদন নির্ধারিত কর্তৃপক্ষ বরাবর করতে হবে। উক্ত কর্তৃপক্ষ আবেদনকৃত বিদ্যালয়ের তথ্যাদি যাচাই বাছাই ও সংশ্লিষ্ট জেলা/উপজেলা কার্যালয়ের মাধ্যমে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন সুপারিশসহ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। অতঃপর মন্ত্রণালয় এতদসংশ্লিষ্ট স্বীকৃতি ও বেতন-ভাতা প্রদানকারী কমিটির মাধ্যমে এ বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবে।

২১. **স্বীকৃতি ও বেতন-ভাতা প্রদানকারী কমিটি নিম্নরূপ:**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), সমাজকল্যাণ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন/নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট/মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (বাজেট ও ব্যবস্থাপনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |

| | | |
|---|---|---|
| ৪. | পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর, ঢাকা | সদস্য |
| ৫. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৬. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৭. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৮. | পরিচালক(পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন/ পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট/ পরিচালক, সমাজসেবা অধিদফতর (প্রযোজ্য ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১০. | প্রতিবন্ধী বিষয়ক বিশেষজ্ঞ (ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক মনোনীত/এনডিডি সুরক্ষা ট্রাস্টের একজন বিশেষজ্ঞ (ব্যবস্থাপনা পরিচালক, এনডিডি ট্রাস্ট কর্তৃক মনোনীত)/সমাজসেবা অধিদফতরের প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রতিবন্ধিতা শাখা)/উপসচিব/সিনিয়র সহকারী সচিব (এনডিডি ও অটিজম শাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) এ কমিটি সরকারের বিদ্যমান নীতিমালা, নির্দেশনা, বাজেট বরাদ্দ ও বিধি বিধানের আলোকে নতুন বিদ্যালয়/মূলধারার বিদ্যালয়ে প্রতিবন্ধী সংশ্লিষ্ট শিক্ষাদান কার্যক্রম এর স্বীকৃতি প্রদানের সুপারিশ, বেতন ভাতাদি প্রদান, বেতন ভাতাদি সাময়িকভাবে স্থগিত, কর্তন ও বাতিলকরণ বিষয়ে সুপারিশ প্রদান করবে;

(খ) সংশ্লিষ্ট বিষয়ে সরকার প্রদত্ত নতুন কোন নির্দেশনা থাকলে কমিটি সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।

**২২. বেতন ভাতার সরকারি অংশ সাময়িকভাবে বন্ধ, কর্তন ও বাতিলকরণ:**

(১) সমাজকল্যাণ মন্ত্রণালয় বা শতভাগ বেতন-ভাতা প্রদানকারী কর্তৃপক্ষ নিম্নোক্ত কারণে কোন বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান এর শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশের বরাদ্দ নির্দিষ্ট সময়ের জন্য সাময়িকভাবে বন্ধ, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করতে পারবেন:-

(ক) এই নীতিমালায় বর্ণিত আবশ্যকীয় শর্ত পূরণ না করলে;

(খ) মিথ্যা তথ্য প্রদান, ভুয়া শিক্ষক নিয়োগ, ভুয়া শিক্ষার্থী, ভুয়া শাখা প্রদর্শন, শিক্ষার্থীর ভুয়া মূল্যায়ন (Assessment), পরীক্ষায় অসদুপায় অবলম্বন, শিক্ষার্থীর ভুয়া ফলাফল (Result) তৈরি করলে;

(গ) আপিল কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন না করলে;

(ঘ) সমাজকল্যাণ মন্ত্রণালয় বা শতভাগ বেতন-ভাতা প্রদানকারী কর্তৃপক্ষ বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষের নিরীক্ষা ও তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত অনিয়মের কারণে;

(২) অনুচ্ছেদ ২২(১) এ বর্ণিত ক্ষেত্র বিবেচনায় সরকারি নির্দেশনামতে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট এক বা একাধিক শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীর বেতনভাতা কর্তন, সাময়িকভাবে স্থগিত বা সম্পূর্ণ বন্ধ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যালয়/ প্রতিষ্ঠান/সংস্থার স্বীকৃতি সাময়িকভাবে স্থগিত বা সম্পূর্ণভাবে বাতিল করতে পারবেন;

(৩) বন্ধ করা বেতন ভাতার সরকারি অংশের কোন বকেয়া প্রদান করা হবে না;

(৪) কোন প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা বা মূলধারার সংশ্লিষ্ট শাখাকে অনুচ্ছেদ ২২(২) এর আওতায় সম্পূর্ণরূপে বাতিল করা হলে সেই প্রতিষ্ঠান/শাখার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে পুনরায় বেতন ভাতার সরকারি অংশ বরাদ্দ করা হবে না এবং প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে মিথ্যা তথ্য প্রদানের কারণে বিধিমতে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে;

(৫) অনুচ্ছেদ ১১ এর আওতায় গৃহীত নিরীক্ষা কার্যক্রম ও তদন্ত প্রতিবেদনে কোন অনিয়ম ও ত্রুটি থাকলে তা দূরীকরণে এবং আরোপিত শর্তসমূহ (যদি থাকে) পূরণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা, শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা বা কর্মচারীকে তিন মাসের সময় প্রদান করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে শর্তসমূহ প্রতিপালন ও প্রাপ্ত ত্রুটিসমূহ দূরীকরণের ব্যর্থতায় দায়ী ব্যক্তির বিরুদ্ধে বিধিমতে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**২৩. শৃঙ্খলা:** পেশাগত অসদাচরণ বলতে বুঝাবে-

(১) কর্মস্থল ও শ্রেণিকক্ষে উপস্থিতি এবং অন্যান্য দায়িত্ব পালনকালে সময়ানুবর্তিতার অভাব;

(২) বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি;

(৩) ছুটিতে গিয়ে অননুমোদিত ভাবে অতিরিক্ত ছুটি ভোগ করা;

(৪) প্রণীত সরকারি আদেশ/প্রজ্ঞাপন/বিধিমালা যথাযথভাবে অনুসরণ না করা;

(৫) ব্যক্তিগত সুবিধা লাভের উদ্দেশ্যে এমন কোন কাজ করা যা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারী বা শিক্ষার্থীদের যথাযথ কর্মসম্পাদনে বাধা সৃষ্টি করে;

(৬) শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারী বা শিক্ষার্থীদের মধ্যে বিশৃঙ্খলা বা নৈতিক অবক্ষয় সৃষ্টি করে এমন কোন কাজে লিপ্ত হওয়া;

(৭) শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীদের সাথে অবজ্ঞা, প্রহার, কটুক্তি, যৌন সহিংসতা ও নির্যাতন করা ইত্যাদি;

(৮) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর/ব্যবস্থাপনা পরিচালক, জেপিইউএফ/এনডিডি সুরক্ষা ট্রাস্ট/প্রধান শিক্ষক/ অধ্যক্ষ/শাখা প্রধান অথবা তাঁদের অবর্তমানে প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার এ সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির আইনসঙ্গত নির্দেশ অমান্য করা;

(৯) প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার সম্পত্তির (স্থাবর-অস্থাবর) অপব্যবহার;

(১০) এমন কোন কাজ করা যা প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার স্বার্থ হানিকর বলে বিবেচিত বা এমন অনাকাংখিত আচরণ;

(১১) সংশ্লিষ্ট শিক্ষক/শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতিতে সম্পৃক্ত থাকার অভিযোগ প্রমাণিত হলে।

**২৪. <u>শাস্তি</u>ঃ** কোন শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারী যদি এ নীতিমালার কোন বিধান লঙ্ঘন করেন অথবা অদক্ষতা, দুর্নীতি, কর্তব্যে অবহেলা এবং পেশাগত অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হন অথবা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার স্বার্থহানিকর কোন কাজ করেন তবে নিম্নের যে কোন এক বা একাধিক শাস্তি আরোপ করা যেতে পারেঃ

(১) তিরস্কার;

(২) নির্দিষ্ট সময়ের জন্য বেতন ভাতা স্থগিত রাখা;

(৩) কর্তব্যে অবহেলাজনিত কারণে বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার কোন আর্থিক ক্ষতি হয়ে থাকলে, উক্ত ব্যক্তির বেতন থেকে তার সম্পূর্ণ বা কিয়দংশ আদায় করা;

(৪) নিম্ন ধাপে পদাবনতি;

(৫) চাকুরী হতে অপসারণ;

(৬) চাকুরী হতে বরখাস্ত (ভবিষ্যতে সরকারি চাকুরী বা সরকারি আইন দ্বারা নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানে চাকুরী পাওয়ার জন্য অযোগ্য বলে বিবেচিত হবে;

**২৫. <u>শাস্তি প্রয়োগের ক্ষমতা:</u>**

(১) এই নীতিমালা অনুযায়ী ১১তম গ্রেড এবং তদূর্ধ্ব পর্যন্ত শাস্তি প্রদানের ক্ষমতা মহাপরিচালক, সমাজসবা অধিদফতর/ ব্যবস্থাপনা পরিচালক, সমাজসেবা অধিদফতর/জেপিইউএফ/এনডিডি সুরক্ষা ট্রাস্ট অথবা কর্তৃপক্ষের উপর ন্যস্ত থাকবে। নিম্নতম গ্রেডের কর্মচারীদের শাস্তি প্রদানের ক্ষমতা জেপিইউএফ/এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর পরিচালক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর ওপর ন্যস্ত থাকবে;

(২) শৃঙ্খলা ভঙ্গের কারণে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক (সংশ্লিষ্ট প্রতিবন্ধী বিদ্যালয়/ প্রতিষ্ঠান/সংস্থার) তদন্ত সাপেক্ষে শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে মহাপরিচালক, সমাজসবা অধিদফতর/ব্যবস্থাপনা পরিচালক বা প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যের সমর্থন ও এ সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সভার অনুমোদন থাকতে হবে। তবে, কোন শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীকে লিখিতভাবে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে কোন শাস্তি আরোপ করা যাবে না। উল্লেখ্য যে, মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক, জেপিইউএফ/এনডিডি সুরক্ষা ট্রাস্ট/ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ব্যবস্থা বিষয়ে শতভাগ বেতন-ভাতা প্রদানকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

**২৬. আপিল:** কোন প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক, প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ সাময়িকভাবে বন্ধ, আংশিক বা সম্পূর্ণ বাতিলের বিরুদ্ধে নিম্নোক্তভাবে সরকারের নিকট আপিল করা যাবে-

(১) ২৫(১) অনুচ্ছেদ এর আওতায় সংক্ষুব্ধ কোন ব্যক্তি শতভাগ বেতন ভাতা প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উপযুক্ত কারণ ও প্রমাণ সহকারে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল আবেদন জানাতে পারবে;

(২) ২৫(২) অনুচ্ছেদ এর আওতায় সংক্ষুব্ধ কোন ব্যক্তি উপযুক্ত কারণ ও প্রমাণ সহকারে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালক, সমাজসবা অধিদফতর/ব্যবস্থাপনা পরিচালক, জেপিইউএফ/ এনডিডি সুরক্ষা ট্রাস্ট বরাবর আপিল আবেদন করতে পারবে;

(৩) ২৫(১) ও ২৫(২) অনুচ্ছেদ এর আওতায় আপিল আবেদন প্রাপ্তির পর আপিল কর্তৃপক্ষ অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে প্রয়োজনে বিষয়টির উপর উভয় পক্ষের শুনানি গ্রহণ করে আপিলটি নিষ্পত্তির ব্যবস্থা করবেন।

**২৭. নীতিমালার কার্যকারিতা:**

(১) এ নীতিমালা কার্যকর হবার পূর্বে বলবৎ বিধিবিধান, নীতিমালা অনুযায়ী শ্রবণ ও বাক/দৃষ্টি/শ্রবণ-দৃষ্টি/শারীরিক/ মানসিক/ বহুমাত্রিক/বুদ্ধি প্রতিবন্ধী/অটিজম/ডাউন সিনড্রোম/সেরিব্রাল পালসি অর্থাৎ সামগ্রিকভাবে প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী এবং এনআইআইডি এর কর্মকর্তা/কর্মচারী নিয়োগপ্রাপ্ত হলে এবং কর্মরত থাকলে ও বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত হলে, নীতিমালা কার্যকর হওয়ার পূর্ব পর্যন্ত বিদ্যমান জনবল কাঠামো অনুযায়ী তাদের বেতনভাতাদির সরকারি অংশ (এনআইআইডি এর ক্ষেত্রে এমইসিএসএস গঠিত না হওয়া পর্যন্ত) প্রদান অব্যাহত থাকবে;

(২) বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো, পাঠ্যক্রম, পাঠ্যসূচি ইত্যাদি সম্পর্কিত কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রদত্ত ব্যাখ্যাই গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে;

(৩) প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অবিলম্বে কার্যকর হবে।

**২৮. পরিদর্শন:**

(১) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তরের প্রতিনিধি, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের প্রতিনিধি, এনডিডি সুরক্ষা ট্রাস্টের প্রতিনিধি, জেলা পর্যায়ে জেলা প্রশাসক, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তাঁর প্রতিনিধি ও জেলা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং জেলা বা উপজেলা পর্যায়ে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থাসমূহ পরিদর্শন করতে পারবেন। এছাড়া, সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন প্রতিনিধি উক্ত বিদ্যালয়সমূহ পরিদর্শন করতে পারবেন। উল্লেখ্য যে, জেলা অথবা উপজেলা সমাজসেবা কর্মকর্তা/প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা/এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর প্রতিনিধি আবশ্যিকভাবে প্রতি তিন মাস অন্তর বিদ্যালয়সমূহ পরিদর্শন করবেন। কোন গুরুতর অনিয়ম পাওয়া গেলে উহা যথাসময়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

(২) পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিদর্শন শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পরিদর্শনের ১৫(পনের) দিনের মধ্যে প্রেরণ করবেন।

**২৯. <u>রহিতকরণ ও হেফাজতকরণ:</u>**

(১) এ নীতিমালা কার্যকর হবার সঙ্গে সঙ্গে পূর্বে জারীকৃত বিধিবিধান ও প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০০৯ এ বর্ণিত বেসরকারি যে কোন শ্রবণ ও বাক/দৃষ্টি/শ্রবণ-দৃষ্টি/শারীরিক/মানসিক/বহুমাত্রিক/ অটিজম/বুদ্ধি প্রতিবন্ধী/সেরিব্রাল পালসি/ডাউন সিনড্রোম বিদ্যালয়ের সাথে বেতন ভাতাদির এবং জনবল কাঠামো সম্পর্কিত সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলে গণ্য হবে;

(২) অনুচ্ছেদ ২৯(১) অনুযায়ী রহিত হওয়া সত্ত্বেও উক্ত রহিত নীতিমালার অধীন সম্পাদিত সকল কাজকর্ম এই নীতিমালার অধীন সম্পাদিত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে এবং এই নীতিমালা জারি হওয়ার সাথে সাথে অনিষ্পন্ন কার্যাদিসমূহ এই নীতিমালার অধীনে নিষ্পত্তি করতে হবে।

**৩০.** এ নীতিমালার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে উক্ত বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

জুয়েনা আজিজ
সিনিয়র সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

**<u>তপশিল-'ক'</u>**

**প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠানের জন্য মনিটরিং এন্ড ইভালুয়েশন সেল ফর স্পেশাল স্কুল (এমইসিএসএস) এর কর্মকর্তা ও কর্মচারীদের বেতন স্কেল (এনডিডি ব্যতীত):**

| ক্রঃ | পদের নাম ও গ্রেড | **বয়স** | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক গ্রেড-৫ | অনুর্ধ্ব ৪০ বছর | পদোন্নতির মাধ্যমে/ পদোন্নতিরযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u> উপ-পরিচালক বা সংশ্লিষ্ট বিশেষজ্ঞ পদে ন্যূনতম ৫(পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতাসহ ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পদে মোট ১০ (দশ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br><u>প্রেষণে:</u> সরকারের উপসচিব পর্যায়ের কর্মকর্তার নিম্নে নয় এমন কর্মকর্তা দ্বারা প্রেষণে পূরণযোগ্য। প্রেষণে পূরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার স্ববেতনে। |
| ২ | উপ-পরিচালক গ্রেড-৬ | অনুর্ধ্ব ৩০-৩৫ বছর | সরাসরি নিয়োগ | <u>সরাসরি:</u> (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী/৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী এবং<br>(২) কোন সরকারি / আধা-সরকারি / স্বশাসিত প্রতিষ্ঠানে ৯ম গ্রেডের প্রশাসনিক কোন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩ | সিনিয়র সাইকোলজিস্ট/ সিনিয়র ফিজিও থেরাপিস্ট/ সিনিয়র স্পীচ থেরাপিস্ট/ সিনিয়র অকুপেশনাল থেরাপিস্ট<br>গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩০-৩৫ বছর | সরাসরি নিয়োগ/ পদোন্নতির মাধ্যমে | সরাসরি: (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী এবং বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক লাইসেন্স প্রাপ্ত; তৎসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>(২) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে (ফিজিও থেরাপি/ অকুপেশনাল থেরাপি /স্পীচ থেরাপি) এমএসসি ডিগ্রী ও বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক লাইসেন্স প্রাপ্ত; তৎসহ<br>কোন স্বীকৃত হাসপাতাল/ক্লিনিকে ফিজিও থেরাপিস্ট/ অকুপেশনাল থেরাপিস্ট/ স্পীচ থেরাপিস্ট হিসেবে ৭ (সাত) বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪ | সাইকোলজিস্ট/ ফিজিও থেরাপিস্ট/ স্পীচ থেরাপিস্ট/ অকুপেশনাল থেরাপিস্ট<br>গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩২ বছর | সরাসরি নিয়োগ | সরাসরি: (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী এবং বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক লাইসেন্স প্রাপ্ত। তৎসহ; সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>(২) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে (ফিজিও থেরাপি/অকুপেশনাল/ স্পীচ থেরাপি) এমএসসি ডিগ্রী ও বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক লাইসেন্স প্রাপ্ত; তৎসহ<br>কোন স্বীকৃত হাসপাতাল/ক্লিনিকে ফিজিও থেরাপিস্ট/ অকুপেশনাল থেরাপিস্ট / স্পীচ থেরাপিস্ট হিসেবে ৪ (চার) বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫ | সিনিয়র শিক্ষা কর্মকর্তা/ সিনিয়র ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা/ সিনিয়র তথ্য ও গবেষণা কর্মকর্তা<br>গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি/ পদোন্নতি | সরাসরি: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী/ ৪(চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী/ চারুকলা বিষয়ে দ্বিতীয় শ্রেণির ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>পদোন্নতি : শিক্ষা কর্মকর্তা/ ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা/তথ্য ও গবেষণা কর্মকর্তা পদে ন্যূনতম ৭ (সাত) বছর চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬ | শিক্ষা কর্মকর্তা/ ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা/ তথ্য ও গবেষণা কর্মকর্তা<br>গ্রেড-১০ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি/ পদোন্নতি | সরাসরি: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী/দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ Bachelor of Education (B.Ed) বা Diploma in Education ডিগ্রী থাকতে হবে/ চারুকলা বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী/স্নাতক ডিগ্রীসহ Bachelor of Physical Education (B.Ed) ডিগ্রী/ডিপ্লোমা থাকতে হবে; |
| ৭ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি নিয়োগ | এইচ, এস, সি/সমমানের পাশসহ কম্পিউটার মুদ্রাক্ষরে মিনিটে যথাক্রমে বাংলা ২০ ও ইংরেজি ৩০ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটার অপারেটিং-এ পারদর্শী হতে হবে। |
| ৮ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি নিয়োগ | এস, এস, সি/সমমান পাশ হতে হবে। |

**তপশিল-'খ'**

**এনডিডি শিক্ষা প্রতিষ্ঠানের** জন্য **মনিটরিং এন্ড ইভালুয়েশন সেল ফর স্পেশাল স্কুল (এমইসিএসএস) এর কর্মকর্তা ও কর্মচারীদের বেতন স্কেল:**

| ক্রঃ | পদের নাম ও গ্রেড | **বয়স** | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক<br>গ্রেড-৫ | অনুর্ধ্ব ৪০ বছর | পদোন্নতির মাধ্যমে/ পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে: উপ-পরিচালক বা মনোরোগ/শিশু স্নায়ুরোগ বিশেষজ্ঞ পদে ন্যূনতম ৫(পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পদে মোট ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>প্রেষণে: সরকারের উপসচিব পর্যায়ের কর্মকর্তার নিম্নে নয় এমন কর্মকর্তা দ্বারা প্রেষণে পূরণযোগ্য। প্রেষণে পূরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার স্ববেতনে। |
| ২ | উপ-পরিচালক<br>গ্রেড-৬ | অনুর্ধ্ব ৩০-৩৫ বছর | সরাসরি নিয়োগ | সরাসরি: (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী/৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী এবং<br>(২) কোন সরকারি/আধা-সরকারি/স্বশাসিত প্রতিষ্ঠানে ৯ম গ্রেডের প্রশাসনিক কোন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩ | মনোরোগ/শিশু স্নায়ুরোগ বিশেষজ্ঞ **(Psychiatrist/ Pediatric Neurologist)** গ্রেড-৬ | অনুর্ধ্ব ৩০-৩৫ বছর | সরাসরি | সরাসরি: (১) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে এমবিবিএস ডিগ্রী যা বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। তৎসহ;<br>(২) সংশ্লিষ্ট বিষয়ে এফসিপিএস বা এমডি<br>(৩) স্বীকৃত কোন হাসপাতাল/ক্লিনিকে মনোরোগ/ শিশু স্নায়ুরোগ বিশেষজ্ঞ হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) বছর চাকুরীর অভিজ্ঞতা। |
| ৪ | বিশেষ শিক্ষা বিশেষজ্ঞ গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩২ বছর | সরাসরি নিয়োগ | সরাসরি: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী ও বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক লাইসেন্স প্রাপ্ত। তৎসহ;<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৪ (চার) বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা। |
| ৫ | সাইকোলজিস্ট **(Clinical/ Educational)** গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি নিয়োগ | সরাসরি: (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী এবং বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক লাইসেন্স প্রাপ্ত। তৎসহ;<br>(২) সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬ | সিনিয়র ফিজিও থেরাপিস্ট/সিনিয়র স্পীচথেরাপিস্ট/ সিনিয়র অকুপেশনাল থেরাপিস্ট গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩২ বছর | সরাসরি নিয়োগ | সরাসরি: কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে এমএসসি ডিগ্রী ও বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক লাইসেন্স প্রাপ্ত। তৎসহ;<br>কোন স্বীকৃত হাসপাতাল/ক্লিনিকে ফিজিও থেরাপিস্ট/ অকুপেশনাল থেরাপিস্ট/ স্পীচ থেরাপিস্ট হিসেবে ৭ (সাত) বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭ | ডাটা ম্যানেজমেন্ট কর্মকর্তা গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি নিয়োগ | সরাসরি: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী; অথবা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী/ সংশ্লিষ্ট বিষয়ে ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী/ সমমানের ডিগ্রী। |
| ৮ | জনসংযোগ/ক্রীড়া/ সাংস্কৃতিক কর্মকর্তা গ্রেড-৯ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি নিয়োগ | সরাসরি: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী/ চারুকলা বিষয়ে ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা চারুকলা বিষয়ে ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি নিয়োগ | এইচ, এস, সি/সমমানের পাশসহ কম্পিউটার মুদ্রাক্ষরে মিনিটে যথাক্রমে বাংলা ২০ ও ইংরেজি ৩০ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটার অপারেটিং-এ পারদর্শী হতে হবে। |
| ১০ | হিসাব সহকারী<br>গ্রেড-১৬ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি নিয়োগ | এইচ, এস, সি (বাণিজ্য)/সমমানের পাশসহ কম্পিউটার মুদ্রাক্ষরে মিনিটে যথাক্রমে বাংলা ২০ ও ইংরেজি ৩০ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটার অপারেটিং-এ পারদর্শী হতে হবে। |
| ১১ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ | অনুর্ধ্ব ৩০ বছর | সরাসরি নিয়োগ | এস, এস, সি/সমমান পাশ হতে হবে। |

**<u>তপশিল-'গ'</u>**

**প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের বেতন স্কেল (এনডিডি ব্যতীত):**

| ক্র: | পদবি | শিক্ষাগত যোগ্যতা | জাতীয় বেতন স্কেল (২০১৫ অনুসারে) | বয়স |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | প্রধান শিক্ষক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানসহ বিএসএড/এমএসএড এবং প্রযোজ্য প্রতিবন্ধিতা বিষয়ে প্রশিক্ষণ ও ১০(দশ) বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। অন্যান্য শর্তাবলী পূরণসাপেক্ষে আবেদনকারী হিসেবে প্রতিবন্ধী শিশুর অভিভাবককে (বাবা বা মা) অগ্রাধিকার প্রদান করা হবে। | ২৩০০০—৫৫৪৬০/-<br>(৮ম গ্রেড) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত বয়সসীমা প্রযোজ্য হবে। |
| ২. | সিনিয়র শিক্ষক/ সিনিয়র থেরাপিস্ট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ সমমানসহ বিএসএড/এমএসএড এবং প্রযোজ্য প্রতিবন্ধিতা বিষয়ে প্রশিক্ষণ ও ৭(সাত) বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ২২০০০—৫৩০৬০/-<br>(৯ম গ্রেড) | পদোন্নতির মাধ্যমে |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩. | সহকারি শিক্ষক/ সহকারি থেরাপিস্ট | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানসহ বিএসএড এবং প্রযোজ্য প্রতিবন্ধিতা বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে এবং অন্যান্য শর্তাবলী পূরণসাপেক্ষে আবেদনকারী প্রতিবন্ধী শিশুর অভিভাবককে (বাবা বা মা) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী হিসেবে অগ্রাধিকার প্রদান করা হবে। | ১৬০০০—৩৮৬৪০/- (১০ম গ্রেড) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত বয়সসীমা প্রযোজ্য হবে। |
| ৪. | জুনিয়র শিক্ষক শরীরচর্চা | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী/সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী এবং Bachelor of Physical Education ডিগ্রী। | ১৬০০০—৩৮৬৪০/- (১০ম গ্রেড) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত বয়সসীমা প্রযোজ্য হবে। |
| ৫. | জুনিয়র শিক্ষক/ জুনিয়র শিক্ষক (সঙ্গীত) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানসহ বিএসএড এবং প্রযোজ্য প্রতিবন্ধিতা বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে এবং অন্যান্য শর্তাবলী পূরণসাপেক্ষে আবেদনকারী প্রতিবন্ধী শিশুর অভিভাবককে (বাবা বা মা) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী হিসেবে অগ্রাধিকার প্রদান করা হবে । <br> জুনিয়র শিক্ষক (সঙ্গীত) এর ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সঙ্গীত বিষয়ে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ১২৫০০—৩২২৪০/- (১১তম গ্রেড) | |
| ৬. | সহকারি থেরাপিস্ট (ডিপ্লোমা) | সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি (ফিজিওথেরাপি/অকুপেশনাল থেরাপি) এবং সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ১২৫০০—৩২২৪০/- (১১তম গ্রেড) | |
| ৭. | অফিস সহকারি | উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ | ৯,৩০০—২২,৪৯০/- (১৬ তম গ্রেড) | |
| ৮. | শিক্ষা সহায়ক (আয়া) | অষ্টম শ্রেণি পাশ (সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে) | ৮২৫০—২০০১০/- (২০তম গ্রেড) | |
| ৯. | গাড়িচালক/ভ্যান চালক | অষ্টম শ্রেণি পাশ (সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে) | ৮২৫০—২০০১০/- (২০তম গ্রেড) | |
| ১০. | প্রহরী/নৈশ প্রহরী | অষ্টম শ্রেণি পাশ (সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে) | ৮২৫০—২০০১০/- (২০তম গ্রেড) | |

- প্রধান শিক্ষক-০১ জন

## তপশিল-'ঘ'

### এনডিডি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের বেতন স্কেল:

| ক্রঃ | পদবী | শিক্ষাগত যোগ্যতা | জাতীয় বেতন স্কেল (২০১৫ অনুসারে) | বয়স |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | প্রধান শিক্ষক | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ সমমানসহ বিএসএড/ এমএসএড এবং প্রযোজ্য প্রতিবন্ধিতা বিষয়ে (বুদ্ধি প্রতিবন্ধী/ অটিজম/সেরিব্রাল পালস/ ডাউন সিনড্রোম) প্রশিক্ষণ ও ১০ (দশ) বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে আবেদনকারী হিসেবে প্রতিবন্ধী শিশুর অভিভাবককে (বাবা বা মা) অগ্রাধিকার প্রদান করা হবে। | ২৩০০০-৫৫৪৬০/- (৮ম গ্রেড) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত বয়সসীমা প্রযোজ্য হবে। |
| ২. | সিনিয়র শিক্ষক | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ সমমানসহ বিএসএড/ এমএসএড এবং প্রযোজ্য প্রতিবন্ধিতা বিষয়ে (বুদ্ধি প্রতিবন্ধী/ অটিজম/ সেরিব্রাল পালস/ ডাউন সিনড্রোম) প্রশিক্ষণ ও ৭ (সাত) বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | পদোন্নতির মাধ্যমে |
| ৩. | সহকারী শিক্ষক | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ সমমানসহ বিএসএড এবং প্রযোজ্য প্রতিবন্ধিতা বিষয়ে (বুদ্ধি প্রতিবন্ধী/ অটিজম/ সেরিব্রাল পালস/ডাউন সিনড্রোম) প্রশিক্ষণ থাকতে হবে এবং অন্যান্য শর্তাবলী পূরণসাপেক্ষে আবেদনকারী প্রতিবন্ধী শিশুর অভিভাবককে (বাবা বা মা) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী হিসেবে অগ্রাধিকার প্রদান করা হবে। | ১৬০০০-৩৮৬৪০/- ( ১০ম গ্রেড) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত বয়সসীমা প্রযোজ্য হবে। |
| ৪. | জুনিয়র শিক্ষক শরীরচর্চা | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী/সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী এবং Bachelor of Physical Education ডিগ্রী/ডিপ্লোমা। | ১৬০০০-৩৮৬৪০/- ( ১০ম গ্রেড) | |
| ৫. | জুনিয়র শিক্ষক/ জুনিয়র শিক্ষক (সঙ্গীত) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ সমমানসহ বিএসএড এবং প্রযোজ্য প্রতিবন্ধিতা বিষয়ে (বুদ্ধি প্রতিবন্ধী/ অটিজম/ সেরিব্রাল পালস/ডাউন সিনড্রোম) প্রশিক্ষণ থাকতে হবে এবং অন্যান্য শর্তাবলী পূরণসাপেক্ষে আবেদনকারী প্রতিবন্ধী শিশুর অভিভাবককে (বাবা বা মা) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী হিসেবে অগ্রাধিকার প্রদান করা হবে । | ১২৫০০-৩২২৪০/- (১১তম গ্রেড) | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | জুনিয়র শিক্ষক (সঙ্গীত) এর ক্ষেত্রেঃ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সঙ্গীত বিষয়ে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত বয়সসীমা প্রযোজ্য হবে। |
| ৬. | সহকারী থেরাপিস্ট (ডিপ্লোমা) | সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি (ফিজিওথেরাপী/ অকুপেশনাল থেরাপী) এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ১২৫০০-৩২২৪০/- (১১তম গ্রেড) | |
| ৭. | অফিস সহকারী | উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ | ৯,৩০০-২২,৪৯০/- (১৬তম গ্রেড) | |
| ৮. | শিক্ষা সহায়ক (আয়া) | অষ্টম শ্রেণি পাশ<br>(সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে) | ৮২৫০-২০০১০/- (২০তম গ্রেড) | |
| ৯. | গাড়িচালক/ ভ্যান চালক | অষ্টম শ্রেণি পাশ<br>(সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে) | ৮২৫০-২০০১০/- (২০তম গ্রেড) | |
| ১০. | প্রহরী/ নৈশ প্রহরী | অষ্টম শ্রেণি পাশ<br>(সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে) | ৮২৫০-২০০১০/- (২০তম গ্রেড) | |

- প্রধান শিক্ষক- ০১ জন

## ফরম-১

## বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়সমূহের স্বীকৃতি/প্রতিষ্ঠার জন্য নির্ধারিত ফরম

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | প্রস্তাবিত বিদ্যালয়ের/শিক্ষা প্রতিষ্ঠানের নাম | : | | |
| ২. | প্রস্তাবিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা (গ্রাম, উপজেলা/থানা, জেলা) | : | | |
| ৩ | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার তারিখ | : | | |
| ৪. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধন আছে কি না? | : | হ্যাঁ | না |
| ৫. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধনকৃত (নিবন্ধন থাকলে কপি সংযুক্ত করতে হবে) | : | হ্যাঁ | না |
| ৬. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি স্বীকৃতি আছে কি না? (স্বীকৃতি থাকলে কপি সংযুক্ত করতে হবে) | : | হ্যাঁ | না |
| ৭. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নামে জমি বরাদ্দ আছে কি না? | : | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নামে জমি বরাদ্দ থাকলে তার পরিমাণ (এ ক্ষেত্রে জমির দলিলের কপি সংযুক্ত করতে হবে) | : | | |
| ৯. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের সংখ্যা কত জন? (শিক্ষকদের জন্ম তারিখ, নিয়োগপত্র,যোগদানপত্রের কপি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংযুক্ত করতে হবে)। | : | | |
| ১০. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে বি এস এড ডিগ্রী প্রাপ্ত কতজন শিক্ষক আছে? | : | | |
| ১১. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের সংখ্যা (শিক্ষক ব্যতীত) | : | | |
| ১২. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের ভ্যান চালকের সংখ্যা | : | | |
| ১৩ | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের ভ্যানের সংখ্যা | : | | |
| ১৪. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর সংখ্যা (প্রত্যেক শিক্ষার্থীর নামের তালিকা, প্রতিবন্ধিতার ধরন, শনাক্তকরণ জরিপ নম্বর পৃথকভাবে সংযুক্ত করতে হবে) | : | | |
| ১৫. | প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থী অনুপাত কত? | : | | |
| ১৬. | অটিজম শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থীদের অনুপাত কত? | : | | |
| ১৭. | বিগত ৬(ছয়) মাসে শিক্ষার্থীদের বিদ্যালয়ে গড় উপস্থিতি কত শতাংশ? | : | | |
| ১৮. | শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে পরিচালনা পরিষদ এর মাধ্যমে নিয়োগ পত্র প্রদান করা হয়েছিল কি না? | : | হ্যাঁ | না |
| ১৯. | শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অনুসরণ করা হয়েছে কি না? | : | | |
| ২০. | শিক্ষক/কর্মচারী নিয়োগের বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়েছিলো কি না? (পত্রিকায় প্রকাশিত হয়ে থাকলে কপি সংযুক্ত করতে হবে) | : | হ্যাঁ | না |
| ২১. | শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সুপারিশ/মতামত সম্বলিত কার্যবিবরণীর কপি এতদ্‌সঙ্গে সংযুক্ত করতে হবে। | : | | |
| ২২. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদের সভাপতির নাম ও পদবী।(পরিচালনা পরিষদ এর পুর্নাঙ্গ তালিকা সংযুক্ত করতে হবে) | : | | |
| ২৩. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে দাতা সদস্যদের দানের পরিমাণ। (দাতা সদস্যদের নাম, পরিচিতি, ঠিকানা এবং দানের পরিমাণ উল্লেখ করে সংযুক্ত করতে হবে) । | : | | |
| ২৪. | প্রস্তাবিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নিকটবর্তী কতদূরে অন্য প্রতিবন্ধী বিদ্যালয় অবস্থিত? | : | | |
| ২৫. | যে জেলা/উপজেলা/থানায় প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রস্তাব করা হয়েছে সে জেলা/উপজেলা/থানার আর কয়টি প্রতিবন্ধী বিদ্যালয় রয়েছে। | : | | |
| ২৬. | প্রস্তাবিত বিদ্যালয়ে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অনুযায়ী পাঠক্রম ও কারিকুলাম অনুসরণ করা হয় কি না? | : | হ্যাঁ | না |
| ২৭. | প্রস্তাবিত বিদ্যালয়ে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অনুযায়ী দৈনন্দিন নিজ কাজকর্ম সম্পাদন সংক্রান্ত দক্ষতা উন্নয়ন (ADL) প্রশিক্ষণ এর ব্যবস্থা রয়েছে কি না? | : | হ্যাঁ | না |
| ২৮. | প্রস্তাবিত বিদ্যালয়ে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অনুযায়ী প্রয়োজনীয় ইকুইপমেন্ট/ যন্ত্রপাতি/বইপত্র/ খেলাধুলাসহ ও অন্যান্য সরঞ্জামাদি রয়েছে কি না? | : | হ্যাঁ | না |

<u>প্রত্যয়ন পত্র</u>

প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত তথ্যসমূহ আমার/আমাদের জানামতে সত্য। তথ্যগত কোন ত্রুটির কারণে বেতন-ভাতা অনিয়ম তান্ত্রিকভাবে বা অতিরিক্ত পরিমাণে মঞ্জুরীকৃত হলে বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃপক্ষ তা ফেরত প্রদানে বাধ্য থাকবে।

সভাপতি
ব্যবস্থাপনা কমিটি
(স্বাক্ষর ও সীল)

সদস্য-সচিব
ব্যবস্থাপনা কমিটি
(স্বাক্ষর ও সীল)

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা এর মতামতঃ

ব্যবস্থাপনা পরিচালক
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
(স্বাক্ষর ও সীল)

সংযোজনীসমূহ (নিম্নোক্ত কাগজপত্রাদি সংযোজন করতে হবে):

(ক) নিবন্ধনের প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
(খ) শিক্ষক, পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাক্ষর সম্বলিত জীবন বৃত্তান্ত, ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত অনুলিপি;
(গ) ইতোপূর্বে অনুদান প্রাপ্তির স্বপক্ষে প্রমাণাদি (যদি থাকে);
(ঘ) বর্তমান ব্যাংক স্থিতির প্রমাণপত্র;
(ঙ) অডিট রিপোর্ট;
**(চ)** অন্যান্য (যদি থাকে)।

**<u>ফরম- ২ (এনডিডি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য)</u>**

**বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়সমূহের স্বীকৃতি/প্রতিষ্ঠার জন্য নির্ধারিত ফরম**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | প্রস্তাবিত বিদ্যালয়ের/শিক্ষা প্রতিষ্ঠানের নাম | : | | |
| ২. | প্রস্তাবিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা (গ্রাম, উপজেলা/থানা, জেলা) | : | | |
| ৩. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার তারিখ | : | | |
| ৪. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধন আছে কি না? | : | হ্যাঁ | না |
| ৫. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধনকৃত (নিবন্ধন থাকলে কপি সংযুক্ত করতে হবে) | : | হ্যাঁ | না |
| ৬. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি স্বীকৃতি আছে কি না? (স্বীকৃতি থাকলে কপি সংযুক্ত করতে হবে) | : | হ্যাঁ | না |
| ৭. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নামে জমি বরাদ্দ আছে কি না? | : | | |
| ৮. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নামে জমি বরাদ্দ থাকলে তার পরিমাণ (এ ক্ষেত্রে জমির দলিলের কপি সংযুক্ত করতে হবে) | : | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের সংখ্যা কত জন?<br>(শিক্ষকদের জন্ম তারিখ, নিয়োগপত্র,যোগদানপত্রের কপি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংযুক্ত করতে হবে) | : | | |
| ১০. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে বি এস এড ডিগ্রি প্রাপ্ত কতজন শিক্ষক আছে? | : | | |
| ১১. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের সংখ্যা(শিক্ষক ব্যতিত) | : | | |
| ১২. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের ভ্যান চালকের সংখ্যা | : | | |
| ১৩. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের ভ্যানের সংখ্যা | : | | |
| ১৪. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর সংখ্যা<br>(প্রত্যেক শিক্ষার্থীর নামের তালিকা, প্রতিবন্ধিতার ধরণ, শনাক্তকরণ জরিপ নম্বর পৃথকভাবে সংযুক্ত করতে হবে) | : | | |
| ১৫. | প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থী অনুপাত কত? | : | | |
| ১৬. | অটিজম শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থীদের অনুপাত কত? | : | | |
| ১৭. | বিগত ৬(ছয়) মাসে শিক্ষার্থীদের বিদ্যালয়ে গড় উপস্থিতি কত শতাংশ? | : | | |
| ১৮. | শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে পরিচালনা পরিষদ এর মাধ্যমে নিয়োগপত্র প্রদান করা হয়েছিল কি না? | : | হ্যাঁ | না |
| ১৯. | শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অনুসরণ করা হয়েছে কি না? | : | | |
| ২০. | শিক্ষক/কর্মচারী নিয়োগের বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়েছিলো কি না?<br>(পত্রিকায় প্রকাশিত হয়ে থাকলে কপি সংযুক্ত করতে হবে) | : | হ্যাঁ | না |
| ২১. | শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সুপারিশ/মতামত সম্বলিত কার্যবিবরণীর কপি সংযুক্ত করতে হবে। | : | | |
| ২২. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদের সভাপতির নাম ও পদবি<br>(পরিচালনা পরিষদ এর পুর্নাঙ্গ তালিকা সংযুক্ত করতে হবে) | : | | |
| ২৩. | বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানে দাতা সদস্যদের দানের পরিমাণ।<br>(দাতা সদস্যদের নাম, পরিচিতি, ঠিকানা এবং দানের পরিমাণ উল্লেখ করে সংযুক্ত করতে হবে) | : | | |
| ২৪. | প্রস্তাবিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের নিকটবর্তী কতদূরে অন্য প্রতিবন্ধী বিদ্যালয় অবস্থিত | : | | |
| ২৫. | যে জেলা/উপজেলা/থানায় প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রস্তাব করা হয়েছে, সে জেলা/উপজেলা/থানায় আর কয়টি এনডিডি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে? | : | | |
| ২৬. | প্রস্তাবিত বিদ্যালয়ে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অনুযায়ী পাঠক্রম ও কারিকুলাম অনুসরণ করা হয় কি না? | : | হ্যাঁ | না |
| ২৭. | প্রস্তাবিত বিদ্যালয়ে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অনুযায়ী দৈনন্দিন নিজ কাজকর্ম সম্পাদন সংক্রান্ত দক্ষতা (ADL) প্রশিক্ষণ এর ব্যবস্থা রয়েছে কি না? | : | হ্যাঁ | না |
| ২৮. | প্রস্তাবিত বিদ্যালয়ে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ অনুযায়ী প্রয়োজনীয় ইকুইপমেন্ট/ যন্ত্রপাতি/ বইপত্র/ খেলাধূলাসহ ও অন্যান্য সরঞ্জামাদি রয়েছে কি না? | : | হ্যাঁ | না |

**প্রত্যয়ন পত্র**

প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত তথ্যসমূহ আমার/আমাদের জানামতে সত্য। তথ্যগত কোন ত্রুটির কারণে বেতন-ভাতা অনিয়ম তান্ত্রিকভাবে বা অতিরিক্ত পরিমাণে মঞ্জুরীকৃত হলে বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃপক্ষ তা ফেরত প্রদানে বাধ্য থাকবে।

সভাপতি
ব্যবস্থাপনা কমিটি
(স্বাক্ষর ও সীল)

সদস্য-সচিব
ব্যবস্থাপনা কমিটি
(স্বাক্ষর ও সীল)

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, ঢাকা এর মতামতঃ

ব্যবস্থাপনা পরিচালক
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধীতা সুরক্ষা ট্রাস্ট
(স্বাক্ষর ও সীল)

সংযোজনীসমূহ (নিম্নোক্ত কাগজপত্রাদি সংযোজন করতে হবে):

(ক) নিবন্ধনের প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
(খ) শিক্ষক, পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাক্ষর সম্বলিত জীবন বৃত্তান্ত, ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত অনুলিপি;
(গ) ইতোপূর্বে অনুদান প্রাপ্তির স্বপক্ষে প্রমাণাদি (যদি থাকে);
(ঘ) বর্তমান ব্যাংক স্থিতির প্রমাণপত্র;
(ঙ) অডিট রিপোর্ট;
**(চ)** অন্যান্য (যদি থাকে)।

**ফরম- ৩**

**বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক, প্রফেশনাল, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা প্রাপ্তির জন্য আবেদন ফরম**

১। আবেদনকারী বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার নাম ও ঠিকানা :

২। নিবন্ধন প্রাপ্তির বিবরণ :

(ক) কর্তৃপক্ষের নাম :

(খ) নিবন্ধন নম্বর ও তারিখ :

(গ) মেয়াদ :

(ঘ) নিবন্ধন নবায়নের স্মারক, নম্বর ও তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) :

৩। বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার শ্রেণি বা শাখাভিত্তিক প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর সংখ্যাঃ

| ক্রমিক নং | শ্রেণি | ছাত্র-ছাত্রীর সংখ্যা | প্রতিবন্ধিতার ধরন | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

৪। শিক্ষক, প্রফেশনাল, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য

| ক্রমিক নং | নাম ও পদবী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যোগদানের তারিখ | বর্তমান মূল বেতন (স্কেল সহ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৫। সরকারি বা তপশিল উল্লেখিত নিয়োগ বিধি অনুযায়ী শিক্ষক, প্রফেশনাল, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ প্রদান করা হয়েছে কিনা?:

৬। সরকার অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক, **পেশাজীবী**, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ প্রদান করা হয়েছে কিনা? :

প্রধান শিক্ষক/অধ্যক্ষ/নির্বাহী প্রধান
(স্বাক্ষর ও সীল)

## সার্টিফিকেট

প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত তথ্যসমূহ আমার/আমাদের জানামতে সত্য। তথ্যগত কোন ত্রুটির কারণে বেতন-ভাতা অনিয়মতান্ত্রিকভাবে বা অতিরিক্ত পরিমাণে মঞ্জুরীকৃত হলে বিদ্যালয় কর্তৃপক্ষ তা ফেরত প্রদানে বাধ্য থাকবে।

সভাপতি
ব্যবস্থাপনা কমিটি
(স্বাক্ষর ও সীল)

সদস্য-সচিব
ব্যবস্থাপনা কমিটি
(স্বাক্ষর ও সীল)

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা এর **মতামতঃ**

ব্যবস্থাপনা পরিচালক
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা
(স্বাক্ষর ও সীল)

সংযোজনীসমূহ (নিম্নোক্ত কাগজপত্রাদি সংযোজন করতে হবে):

(ক) নিবন্ধনের প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(খ) শিক্ষক, পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাক্ষর সম্বলিত জীবন বৃত্তান্ত, ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত অনুলিপি;

(গ) ইতোপূর্বে অনুদান প্রাপ্তির স্বপক্ষে প্রমাণাদি (যদি থাকে);

(ঘ) বর্তমান ব্যাংক স্থিতির প্রমাণপত্র;

(ঙ) অডিট রিপোর্ট;

**(চ)** অন্যান্য (যদি থাকে)।

**ফরম- ৪ (এনডিডি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য)**

**বেসরকারি বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক, প্রফেশনাল, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা প্রাপ্তির জন্য আবেদন ফরম**

১। আবেদনকারীর বিশেষ শিক্ষা বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার নাম ও ঠিকানা :

২। নিবন্ধন প্রাপ্তির বিবরণ :

(ক) কর্তৃপক্ষের নাম :

(খ) নিবন্ধন নম্বর ও তারিখ :

(গ) মেয়াদ :

(ঘ) নিবন্ধন নবায়নের স্মারক, নম্বর ও তারিখ :
(প্রযোজ্য ক্ষেত্রে)

৩। বিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থার শ্রেণি বা শাখাভিত্তিক প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর সংখ্যা:

| ক্রমিক নং | শ্রেণি | ছাত্র-ছাত্রীর সংখ্যা | প্রতিবন্ধিতার ধরন | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

৪। শিক্ষক, প্রফেশনাল, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য:

| ক্রমিক নং | নাম ও পদবি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যোগদানের তারিখ | বর্তমান মূল বেতন (স্কেল সহ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৫। সরকারি বা তপশিলে উল্লেখিত নিয়োগ বিধি অনুযায়ী শিক্ষক, প্রফেশনাল, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ প্রদান করা হয়েছে কিনা? :

৬। সরকার অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক, পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ প্রদান করা হয়েছে কিনা? :

প্রধান শিক্ষক/অধ্যক্ষ/নির্বাহী প্রধান
(স্বাক্ষর ও সীল)

**সার্টিফিকেট**

প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত তথ্যসমূহ আমার/আমাদের জানামতে সত্য। তথ্যগত কোন ত্রুটির কারণে বেতন-ভাতা অনিয়ম তান্ত্রিকভাবে বা অতিরিক্ত পরিমাণে মঞ্জুরীকৃত হলে বিদ্যালয় কর্তৃপক্ষ তা ফেরত প্রদানে বাধ্য থাকবে।

সভাপতি
ব্যবস্থাপনা কমিটি
(স্বাক্ষর ও সীল)

সদস্য-সচিব
ব্যবস্থাপনা কমিটি
(স্বাক্ষর ও সীল)

এনডিডি সুরক্ষা ট্রাস্ট, ঢাকা এর মতামত :

ব্যবস্থাপনা পরিচালক
এনডিডি সুরক্ষা ট্রাস্ট, ঢাকা।
(স্বাক্ষর ও সীল)

সংযোজনীসমূহ (নিম্নোক্ত কাগজপত্রাদি সংযোজন করতে হবে):

(ক) নিবন্ধনের প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(খ) শিক্ষক, পেশাজীবী, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাক্ষর সম্বলিত জীবন বৃত্তান্ত, ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত অনুলিপি;

(গ) ইতোপূর্বে অনুদান প্রাপ্তির স্বপক্ষে প্রমাণাদি (যদি থাকে);

(ঘ) বর্তমান ব্যাংক স্থিতির প্রমাণপত্র;

(ঙ) অডিট রিপোর্ট;

**(চ)** অন্যান্য (যদি থাকে)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd